# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Falgun 16, 1430 Bangla, February 29, 2024, Thursday, No. 60, 54th year

# H I G H L I G H T S

President Mohammed Shahabuddin stresses the need for taking effective steps including increasing the use of technology to reduce the complexity & lengthy processing time in government recruitment. (VOA: 06)

PM Sheikh Hasina says, the government has taken steps to control the prices of daily necessities & inflation during Ramadan - adds, the present govt is the people's govt and so the govt is always trying to reduce the sufferings of the people. (Jago FM: 17)

EC Md Alamgir has informed the process of digitalization of all election activities including nomination paper submission of candidates is going on, canceling analog system in Mymensingh City Corporation election. (R. Today: 12)

BNP Senior Joint Secretary General Ruhul Kabir Rizvi alleges that the govt. has once again started arrests and torture due to an unknown fear. (R. Today: 12)

Workers Party President Rashad Khan Menon has commented that despite the 12th National Assembly elections, people's mistrust of the elections could not be removed. (R. Tehran: 09)

On the last day of the 2-day 'Ambassadors Outreach Program', Ambassadors, High Commissioners Charges of Affairs, and heads of missions of international organizations have visited the historic Rangkut Banashram Buddhist Shrine located in Ramu, Cox's Bazar. (VOA: 05)

Bangladesh Bank has issued a detailed guideline regarding the appointment and responsibilities of the Managing Director (MD) and Chief Executive Officer (CEO) of a bank. (DW: 10)

IGP Chowdhury Abdullah Al Mamun has warned that police will not only be brought under law but also lose their job if they are found involved in drugs abuse or trade. (R. Today: 13)

The Supreme Court has mandated that private universities must pay a 15-percent tax on their earnings. There is a lot of concern among the students of those universities about the effect of this on them. (BBC: 03)

Several members of the Gonotontro Moncho have reportedly been injured after clashing with the police during a rally to protest against rising living costs & irregularities plaguing the banking sector in Dhaka's Zero Point area. (R. Today: 12)

The High Court has upheld a lower court verdict that sentenced former deputy inspector general of police (DIG) Mizanur Rahman to 14 years' imprisonment in a corruption case. (VOA: 05)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**ফাল্গুন ১৬, বাংলা ১৪৩০, ফেব্রুয়ারি ২৯, ২০২৪, বৃহস্পতিবার, নং- ৬০, ৫৪তম বছর**

# শিরোনাম

সরকারি নিয়োগে জটিলতা ও প্রক্রিয়াকরণে দীর্ঘসূত্রিতা নিরসনে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মোঃ সাহাবুদ্দিন। (ভোয়াঃ ০৬)

রমজানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখতে সরকার পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেন, বর্তমান সরকার জনগণের সরকার। তাই জনগণের কষ্ট লাঘবে সরকার সবসময় সচেষ্ট। (জাগো এফএম: ১৭)

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে এনালগ পদ্ধতি বাতিল করে প্রার্থীদের নমিনেশন পেপার সাবমিটসহ নির্বাচনের সকল কার্যক্রম ডিজিটাল করার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার মোঃ আলমগীর। (রে. টুডে: ১২)

অজানা এক আতঙ্কে সরকার আবারও গ্রেফতার নির্যাতন শুরু করেছে বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। (রে. টুডে: ১২)

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হলেও নির্বাচন নিয়ে মানুষের অনাস্থা দূর করা যায়নি বলে মন্তব্য করেছেন ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশাদ খান মেনন। (রে. তেহরান: ০৯)

পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে দুই দিনব্যাপী অ্যাম্বেসেডরস আউটরিচ প্রোগ্রামের শেষ দিনে কক্সবাজারের রামুতে অবস্থিত ঐতিহাসিক রাংকুট বনাশ্রম বৌদ্ধ তীর্থস্থানসহ বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন বাংলাদেশে নিয়োজিত বিভিন্ন দেশের কূটনীতিক ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা। (ভোয়াঃ ০৫)

ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠার জন্য বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, এমডি নিয়োগে নতুন নীতিমালা জারি করেছে কেন্দ্রীয় ব্যাংক। (ডয়েচে ভেলে: ১০)

মাদক সংশ্লিষ্ট বিষয়ে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করে পুলিশের মহা পরিদর্শক চৌধুরী আব্দুল্লাহ আল মামুন বলেন, পুলিশ সদস্যদের শুধু মাদক খাওয়ার প্রমাণ মিললে চাকরি থাকবে না, সঙ্গে মামলাও হবে। (রে. টুডে: ১৩)

সুপ্রিম কোর্টে একটি আপিল নিষ্পত্তি করে দেওয়া রায়ে বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর আয়ের ওপর ১৫ শতাংশ কর দিতে হবে। এর প্রভাব ওই বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ওপর কেমন হবে, তা নিয়ে রীতিমতো উদ্বেগ আছে ছাত্র-ছাত্রীদের মধ্যে। (বিবিসি: ০৩)

বিদ্যুৎ, জ্বালানি ও নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি, ব্যাংক লোপাট এবং বিদেশে টাকা পাচারের প্রতিবাদে গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ সমাবেশ ও সচিবালয় অভিমুখে মিছিলে পুলিশের বাধা ও লাঠিচার্জে অন্তত পাঁচজন আহত হয়েছেন। (রে. টুডে: ১২)

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় বরখাস্ত হওয়া পুলিশের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মিজানুর রহমানের ১৪ বছরের কারাদণ্ড বহাল রেখেছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। (ভোয়াঃ ০৫)

# বিবিসি

## বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ওপর আয়কর শেষ পর্যন্ত কি ছাত্র-ছাত্রীদের ঘাড়েই চাপবে

বাংলাদেশ সুপ্রিম কোর্টে একটি আপিল নিষ্পত্তি করে দেওয়া রায়ে বলা হয়েছে, বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোর আয়ের ওপর ১৫ শতাংশ কর দিতে হবে। তবে শিক্ষার্থীদের ওপর এই করের বোঝা বর্তাবে না বলে জানিয়েছেন দেশটির অ্যাটর্নি জেনারেল। কিন্তু কখনোই কর না দেওয়া প্রতিষ্ঠানগুলোর কর বাবদ নতুন যোগ হওয়া এই খরচ মেটানোর প্রভাব ওই বিশ্ববিদ্যালয়গুলোর শিক্ষার্থীদের ওপর কেমন হবে, তা নিয়ে রীতিমতো উদ্বেগ আছে ছাত্র-ছাত্রীদের মধ্যে। রাষ্ট্রের সর্বোচ্চ আইন কর্মকর্তা এ এম আমিন উদ্দিন অবশ্য জানিয়েছেন, শিক্ষার্থীদের টিউশন ফিসহ অন্যান্য আয় থেকে সমস্ত পরিচালন ব্যয়, বেতন ইত্যাদি মেটানোর পর যে অর্থ উদ্বৃত্ত থাকবে তার ওপর এই কর ধার্য হবে। তবে শিক্ষার্থীদের আশংকা তাদের ওপর খরচের বোঝা বাড়িয়েই এই করের অংক সমন্বয় করা হবে। যদিও অ্যাটর্নি জেনারেলের মতে, 'শিক্ষার্থীরা কোনো ভাবেই এর দ্বারা ক্ষতিগ্রস্ত হবেন না। তারা জানবেনও না, কারণ তারা যে বেতন দিয়েছেন তা থেকে সামান্যও বাড়বে না।' কিন্তু শিক্ষার্থীরা এতে আশ্বস্ত হতে পারছেন না।

ইউনিভার্সিটি অব লিবারেল আর্টসের শিক্ষার্থী ফয়সাল মাহমুদ বিবিসি বাংলাকে বলেন, 'এই শংকা তৈরি হয় যে এরপর হিডেন চার্জ-এর দিকে যাবে বিশ্ববিদ্যালয়গুলো। একেকটা বিশ্ববিদ্যালয় একেক রকম ফি নেয়, এটা সামনের দিনে আরো প্রকট হবে।' ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী তাঞ্জিমুর রহমান রাফির মন্তব্য, 'কর্তৃপক্ষ আসলে এই কর নিজেরা দিবে না। আগেও যে কোনো ধরনের খরচ ছাত্র-ছাত্রীদের ওপর চাপিয়ে দেয়ার চেষ্টা করা হয়েছে।' এই খাতের উদ্যোক্তাদের সংগঠন বেসরকারি বিশ্ববিদ্যালয় সমিতির সভাপতি শেখ কবির হোসেন যেমন বিবিসি বাংলাকে সরাসরিই জানালেন, শিক্ষার্থীদের ওপর স্বাভাবিকভাবেই এর চাপ পড়বে। বিশ্ববিদ্যালয়ের মতো অলাভজনক প্রতিষ্ঠানের ওপর কর বসানোর সুযোগ থাকা উচিত নয় বলেই মনে করেন তিনি। আপিল বিভাগের রায়ের পর সভাও করেছেন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের উদ্যোক্তারা। রায় নিয়ে অসন্তোষ প্রকাশ করে এটি নিয়ে সরকার ও সংশ্লিষ্ট অন্যান্য কর্তৃপক্ষের কাছে চিঠি পাঠানোর সিদ্ধান্ত নিয়েছেন তারা। বিবিসিকে মি. হোসেন বলেন, 'শিক্ষার্থীদের ওপর এই ব্যয় চাপানো যাবে না বলা হলেও যারা শিক্ষার খরচ নেয়, সেটা তো বাড়িয়ে দেবে তারা।' 'শিক্ষার্থীর ওপরে অটোমেটিক্যালি যাবে। আগে ১০ টাকা নিতো এখন ১২ টাকা নিবে', বলছিলেন তিনি।

হিসেবে উল্লেখ করা আছে, 'সিন্ডিকেটের সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয়-সংবিধির বিধান এবং এই আইনের বিধানাবলী সাপেক্ষে, সংশ্লিষ্ট বেসরকারি বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর পদ সৃষ্টি, সৃষ্ট পদের দায়িত্ব-কর্তব্য, চাকুরির শর্তাবলী ও বেতনক্রম, শিক্ষার্থী ফি নির্ধারণ এবং নিয়োগ সংক্রান্ত প্রস্তাব অনুমোদন।' অর্থাৎ সিন্ডিকেট ও ট্রাস্টি বোর্ডের ওপরই শিক্ষার্থী ফিসহ অন্যান্য খরচ নির্ভর করে। মঞ্জুরি কমিশনের অতিরিক্ত চেয়ারম্যান অধ্যাপক মুহাম্মদ আলমগীর বলেন, 'আর্থিক সিদ্ধান্ত সমূহের বেশিরভাগের ক্ষেত্রেই বেসরকারি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ অবারিত স্বাধীনতা ভোগ করে থাকে।' গবেষণা সংক্রান্ত অর্থ বরাদ্দের ক্ষেত্রে ইউজিসির মতামত দেওয়ার বিধান আছে আইনে। এদিকে শিক্ষার্থীদের কারো কারো অভিযোগ কোনো কোনো বিশ্ববিদ্যালয়ে উন্নয়ন ফি বা অন্য নামে বাড়তি টাকা এমনিতেই নেওয়া হয়। এবার সেটা আরো বাড়বে। ফলে বেনামে করের অর্থ আদায় করা হলে তা তদারকি করার উপায় থাকবে কি না, সেই প্রশ্ন থেকেই যাচ্ছে।

বাংলাদেশের জাতীয় রাজস্ব বোর্ড বা এনবিআর ২০০৭ সালে একটি প্রজ্ঞাপন জারি করেছিল। প্রজ্ঞাপনের ভাষ্য ছিল, 'বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন অনুমোদিত প্রাইভেট বিশ্ববিদ্যালয় এবং অপরাপর বিশ্ববিদ্যালয় যারা পাবলিক বিশ্ববিদ্যালয় নয়, তাদের উদ্ভূত আয়ের ওপর ১৫ শতাংশ হারে আয়কর পুনর্নির্ধারণ করা হল।' এনবিআর আরেকটি প্রজ্ঞাপন জারি করে ২০১০ সালের ১লা জুলাই। তাতে বলা হয়, ‘পাবলিক বিশ্ববিদ্যালয় ছাড়া বেসরকারি বিশ্ববিদ্যালয়, বেসরকারি মেডিকেল কলেজ, বেসরকারি ডেন্টাল কলেজ, বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ বা শুধু তথ্যপ্রযুক্তি বিষয়ে শিক্ষাদানে নিয়োজিত বেসরকারি কলেজের উদ্ভূত আয়ের ওপর প্রদেয় আয়করের হার হ্রাস করে ১৫ শতাংশ নির্ধারণ করা হল।' এই প্রজ্ঞাপন দুটিকে চ্যালেঞ্জ করে উচ্চ আদালতে প্রায় অর্ধশত রিট করা হয়। বিভিন্ন বেসরকারি বিশ্ববিদ্যালয়ের তরফে ওই রিটগুলো করা হয়েছিল। ২০১৬ সালের ৫ সেপ্টেম্বর হাইকোর্ট প্রজ্ঞাপনগুলোকে অবৈধ ঘোষণা করে রায় দেন। ২০২১ সালের ৯ই ফেব্রুয়ারি হাইকোর্টে দেওয়া রায়ের বিরুদ্ধে রাষ্ট্রপক্ষকে লিভ টু আপিল বা আপিলের অনুমতি দেন আপিল বিভাগ। সেই সাথে আপিল নিষ্পত্তি না হওয়া পর্যন্ত বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে আয়কর আদায় না করতে এনবিআরকে নির্দেশ দেওয়া হয়। সেই আপিলের শুনানি শেষেই কর দিতে হবে মর্মে রায় ঘোষণা করা হল।

সরকার এর আগে ২০১৫ সালে বেসরকারি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ ও ইঞ্জিনিয়ারিং কলেজের ওপর সাড়ে ৭ শতাংশ হারে ভ্যাট আরোপ করেছিল। এর প্রতিবাদে আন্দোলনে নামে শিক্ষার্থীরা। টানা কয়েক দিন ধরে আন্দোলনের প্রেক্ষাপটে ভ্যাট প্রত্যাহার করে নেওয়া হয়। সেই ভ্যাট বিরোধী আন্দোলনের অন্যতম সংগঠক মিঠু মোহাম্মদ বিবিসি বাংলাকে বলেন, 'প্রয়োজনীয় খরচ করার পর কোনও বাড়তি অর্থ যদি থাকে প্রতিষ্ঠানের উন্নয়নের কাজে সেটা ব্যয় করার কথা।' 'ট্যাক্স হোক আর ভ্যাট হোক, সরকারিভাবে যখন টাকা নেওয়া শুরু হয় তখন আর সেটা দাতব্য প্রতিষ্ঠান থাকে কি না সেটাই প্রশ্ন,' যোগ করেন মি. মোহাম্মদ। সরকার বেসরকারি বিশ্ববিদ্যালয়ের 'লাগামটাই এখনো ঠিকমতো

ধরতে পারে নাই' মন্তব্য করে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের এই সাবেক শিক্ষার্থী বলেন, 'এমন পরিস্থিতিতে করের টাকা কর্তৃপক্ষ তার নিজের আয় থেকেই দিবে, এটা নিশ্চিত করা কখনো সম্ভব না।"
(বিবিসি ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## গরমকাল বেশি লম্বা হওয়ার প্রভাবে বাংলাদেশে যা যা ঘটছে

গত বছর অর্থাৎ ২০২৩ সাল বিশ্বের সবচেয়ে উষ্ণতম বছর হিসেবে স্বীকৃতি পেয়েছিল। এবার ২০২৪ সালও সেই ধারাবাহিকতার দিকেই এগোচ্ছে অন্তত বাংলাদেশের ক্ষেত্রে তো বটেই। বলা হচ্ছে ষড়ঋতুর দেশ বাংলাদেশে গ্রীষ্ম, অর্থাৎ গরমকালের দৈর্ঘ্য বেড়েছে। আগে বছরের একটা নির্দিষ্ট সময়ে তাপমাত্রা বেশি থাকলেও এখন সব ঋতুতেই তাপমাত্রা অস্বাভাবিকভাবে বেশি থাকছে। শুধু তাই নয় গরমের সময়সীমার তারতম্যের পাশাপাশি বর্ষাকালের ক্ষেত্রেও বড়সড় পরিবর্তন হয়েছে। অর্থাৎ মৌসুমি বায়ু দেরিতে প্রবেশ করায় স্বাভাবিক সময়ের চেয়ে বর্ষাকাল পিছিয়ে যাচ্ছে। কিন্তু বর্ষাকাল দেরিতে শুরু হওয়া মানে বাংলাদেশের কৃষিখাতের জন্য তা জোরালো এক ধাক্কা।

এসব চিত্র ও সম্ভাবনার কথা উঠে এসেছে 'বাংলাদেশের পরিবর্তনশীল জলবায়ু, আবহাওয়ার পর্যবেক্ষণে ১৯৮০ থেকে ২০২৩ সালের প্রবণতা এবং পরিবর্তন' শীর্ষক জলবায়ু পরিবর্তন বিষয়ক এক গবেষণায়। বাংলাদেশ আবহাওয়া অধিদফতরের আবহাওয়াবিদ মোঃ বজলুর রশীদের নেতৃত্বে বাংলাদেশ ও নরওয়ের আরো পাঁচজন আবহাওয়া বিশেষজ্ঞ এই গবেষণাটি করেছেন। গবেষক দলের বাকিরা হলেন, বাংলাদেশের আবহাওয়াবিদ আফরোজা সুলতানা, এস এম কামরুল হাসান এবং নরওয়ের আবহাওয়াবিদ এলিনা কোয়া, কাজসা পারিং ও হ্যান্স ওলাভ হাইজেন। গত ৪৩ বছর অর্থাৎ চার দশকেরও বেশি সময়কালের তথ্য-উপাত্ত বিশ্লেষণের ভিত্তিতে ২০২১ থেকে ২০২৩ সাল পর্যন্ত মোট তিন বছর ধরে তারা এই গবেষণাটি করেছেন।

গবেষণাটি করার জন্য তারা একটি বছরকে চারটি সময়ে ভাগ করেছেন এবং আবহাওয়া অধিদফতরের ৩৫টি স্টেশনের ১৯৮০ থেকে ২০২০ সালের প্রতিদিনের সর্বোচ্চ ও সর্বনিম্ন তাপমাত্রা বিশ্লেষণ করেছেন। ভাগ করা সময়গুলো হলো, শীতকাল-ডিসেম্বর, জানুয়ারি ও ফেব্রুয়ারি, প্রাক-বর্ষা-মার্চ, এপ্রিল ও মে, বর্ষা-জুন থেকে সেপ্টেম্বর এবং বর্ষা-পরবর্তী-অক্টোবর ও নভেম্বর। এখন বিশ্লেষণে বছরের ঐ চার সময়েই তাপমাত্রা পরিবর্তনের দিকটি উঠে এসেছে। এতে দেখা যাচ্ছে বছরের প্রতি ঋতুতেই তাপমাত্রা আগের তুলনায় বাড়ছে। বিশেষ করে গত ১০ থেকে ১২ বছর ধরে তাপপ্রবাহের মাত্রা বেড়েই চলেছে। আবহাওয়াবিদ বজলুর রশীদ বিবিসি বাংলাকে বলেন, 'এখন সিজনাল প্যাটার্ন চেঞ্জ হচ্ছে। আগে মার্চ, এপ্রিল ও মে মাসে তাপদাহ হতো। কিন্তু ইদানীং সেটা বেড়ে অক্টোবর পর্যন্ত চলছে। গত ১০ থেকে ১২ বছরে তাপদাহ-এর সংখ্যা ব্যাপক হারে বেড়ে গেছে। বিশেষ করে বর্ষাকালে।' তিনি বলেন, '২০২৩ সালের মতো এবছরও তাপপ্রবাহ আসার সম্ভাবনা অনেক বেশি প্রকট। ২০২৩ সাল ছিলো উষ্ণতম বছর, গত বছর দীর্ঘ সময় হিটওয়েভ ছিলো। জুন মাসে দুই সপ্তাহ ধরে হিটওয়েভ ছিলো। ঐ সময় দেশের কয়েক জায়গায় ৪০ ডিগ্রির ওপরে তাপমাত্রা ছিল।' 'এই ধরনের হিট ওয়েভ কন্ডিশন ২০২৪ সালেও আসার সম্ভাবনা প্রকট। মার্চের মাঝামাঝি থেকে একটা বড় ধরনের হিটওয়েভের সম্মুখীন হতে পারি আমরা,'আরো যোগ করেন মি রশীদ। এই গবেষণায় দেখা গেছে, ১৯৮০ এবং ১৯৯০-এর দশকে ঢাকায় মার্চের দ্বিতীয় বা তৃতীয় সপ্তাহ থেকে তাপপ্রবাহ শুরু হলেও ১৯৯৭ সালের পর থেকে এতে ভিন্নতা দেখা গেছে। এখন রংপুর, খুলনাসহ প্রায় সব বিভাগে বর্ষা মৌসুমেও তাপপ্রবাহ দেখা যাচ্ছে।

বিভিন্ন ঋতুতে তাপমাত্রা বেড়ে যাওয়ায় বর্ষাকাল পিছিয়ে যাচ্ছে এবং বৃষ্টিপ্রবণতা কমে যাচ্ছে। সাধারণত মে মাসের শেষের দিক থেকে জুনের প্রথম সপ্তাহের মাঝে বাংলাদেশে মৌসুমি বায়ু প্রবেশ করে এবং সেপ্টেম্বরের মাঝে তা চলে যাওয়ার কথা। কিন্তু এই গবেষণা অনুযায়ী ২০০০ সালের পর থেকে বর্ষা আসতে জুন মাসের দ্বিতীয় সপ্তাহ হয়ে যাচ্ছে। উদাহরণস্বরূপ, গত বছর বর্ষা এসেছে ৮'ই জুন। এদিকে বর্ষা যেমন দেরিতে আসছে, তেমনি যাচ্ছেও তা দেরি করে। গবেষণা বলছে, গত ১০ বছরে কখনো কখনো ২৩ অক্টোবর পর্যন্তও মৌসুমি বায়ুর প্রভাব ছিল। গত বছর বাংলাদেশ আবহাওয়া অধিদফতরের সাবেক পরিচালক ড. সমরেন্দ্র কর্মকার বিবিসি বাংলাকে বলেছিলেন, 'বর্ষাকালের এই পরিবর্তন ২০০৩ সাল থেকেই দেখতে পাচ্ছি। কারণ যে অ্যাকসিসে মুনসুন সিস্টেম থাকে, সেটা দক্ষিণ দিকে এক থেকে দুই ডিগ্রি সরে গেছে। এর ফলে আমাদের এলাকায় বর্ষাকালে বৃষ্টির হার কমে গেছে।'

অর্থাৎ, যে মৌসুমি বায়ুর কারণে বৃষ্টি হয়ে থাকে, সেটা অনেক সময় উত্তর বা দক্ষিণে অবস্থান নিয়ে থাকে। এটা যদি দক্ষিণ দিকে বেশি সময় থাকে, তাহলে বাংলাদেশ অঞ্চলে বৃষ্টিপাত কম হয়। মি. রশীদও এ বিষয়ে বলেন, 'তাপমাত্রা বৃদ্ধি পাওয়ার কারণে মুনসুন অনসেটের ক্ষেত্রে পরিবর্তন হয়েছে। অর্থাৎ বর্ষাকালে বৃষ্টি প্রবণতা কমে গেছে। কিন্তু অসময়ে ভারি বা কম বৃষ্টিপাত হলে তাতে একটা দেশের কৃষিখাত ব্যাপকভাবে ক্ষতিগ্রস্ত হয়। কারণ ফসলের মৌসুমে বৃষ্টি না হলে ফসল বাঁচবে না, তখন সেচের প্রয়োজন হবে। আর সেচ দিতে গেলে প্রচুর বিদ্যুতের প্রয়োজন পড়বে। এর বড় প্রভাব পড়বে কৃষি খাতে। কারণ এসময় সেচের প্রয়োজন হবে। তাই পাওয়ার সেক্টরে এর বড় একটা ইম্প্যাক্ট আসবে। কারণ যদি হিট ওয়েভ বেড়ে যায়, পাওয়ার কনজাম্পশন বেড়ে যাবে।'

গত ৪৩ বছরে শীতের ক্ষেত্রেও বেশ পরিবর্তন এসেছে। আগে ডিসেম্বরের আগে থেকেই ঢাকায় শীত পড়তো। কিন্তু ২০২৩-২০২৪ সালের শীত মৌসুমে মধ্য ডিসেম্বরেও ঢাকায় শীত অনুভূত হয়নি।অথচ এই গবেষণা অনুযায়ী আগে ঢাকায় জানুয়ারিতে শৈতপ্রবাহ হত। কিন্তু ১৯৯০ সালের পর থেকেই জানুয়ারি মাসে ঢাকায় শৈতপ্রবাহের পরিমাণ কমে

গেছে। আবার জানুয়ারিতে শৈতপ্রবাহ হলেও তাপমাত্রা ১০ ডিগ্রি সেলসিয়াসের নীচে নামছে না। অথচ মানুষের শীত শীত অনুভূতি বেশি হচ্ছে। অন্যান্য বছরের তুলনায় এ বছর অর্থাৎ ২০২৪ সালেও খাতায় কলমে তাপমাত্রা খুব একটা নিচে নামেনি। কিন্তু পুরো জানুয়ারি মাস জুড়েই শীতের তীব্র অনুভূতির কথা বিবিসি বাংলাকে জানিয়েছিল মানুষ।

শীতের এই অস্বাভাবিক আচরণ প্রসঙ্গে আবহাওয়াবিদ বজলুর রশীদ বলেন, 'শীতেরও বড় ধরনের প্যাটার্ন চেঞ্জ হয়েছে। গত কয়েক বছর ধরে শৈতপ্রবাহ ১০ ডিগ্রি সেলসিয়াসের নিচে যাচ্ছে না। দিনের তাপমাত্রা যেখানে ২৫ থেকে ২৮ ডিগ্রি সেলসিয়াসের নিচে নামার কথা না, সেখানে সেটি ২০ ডিগ্রি সেলসিয়াসের নিচে নেমে এসেছে। অর্থাৎ দিনের তাপমাত্রা কমে যাচ্ছে। অথচ রাতের তাপমাত্রা আবার বেড়ে যাচ্ছে। সব মিলিয়ে শীত বেশি লাগছে।' এছাড়া ডিসেম্বর মাসে যেখানে শীত পড়ার কথা, সেখানে এই সময়ে সাইক্লোন হওয়ার বিষয়টিও নেতিবাচক মনে করছেন এই আবহাওয়াবিদ। তিনি বলেন, 'গত ডিসেম্বরে সাগরে সাইক্লোন সৃষ্টি হয়েছে। এর প্রভাবে বৃষ্টি হয়েছে। গত বছর চারটা সাইক্লোন আঘাত করেছে। অথচ বছরে সাইক্লোন সর্বোচ্চ দুই থেকে তিনটা হয়।'

২০১০ সালের পর ঢাকা বিভাগে অক্টোবর মাস পর্যন্ত অস্বাভাবিক তাপমাত্রা থাকার মূল কারণ হিসেবে দূষণকে চিহ্নিত করেন আবহাওয়াবিদ বজলুর রশীদ। তিনি বিবিসি বাংলাকে বলেন, 'তাপমাত্রা পরিবর্তনের অনেকগুলো প্যারামিটার আমরা বিশ্লেষণ করেছি। যেমন সূর্যের কিরণকাল কমে যাচ্ছে, ক্লাউডিনেস বেড়ে যাচ্ছে, দিন ও রাতের তাপমাত্রার পার্থক্য কমে যাচ্ছে, ফগি কন্ডিশন বেড়ে যাচ্ছে। কিন্তু এর মূল কারণ হলো দূষণ। দূষণ বেড়ে গেলে ক্লাউড ফরমেশনও বেড়ে যায়। এখানে ট্রান্স-বাউন্ডারি পলিউশান যুক্ত হয়েছে। আমরা দেখেছি এ বছর জানুয়ারিতে দিনের তাপমাত্রা অনেক কম ছিল, আবার রাতের তাপমাত্রা অনেক বেশি ছিল। কিন্তু দিনের তাপমাত্রা কম থাকার কারণে দিন ও রাতের তাপমাত্রার ব্যবধান কমেছে। এক্ষেত্রে শীতের যে তীব্রতা, তা আমরা টের পেয়েছি। এটি গত কয়েক বছর ধরেই চলছে।' এই ধরনের আবহাওয়া ঠিক করার জন্য তিনি দূষণ কমানোকে প্রাথমিক করণীয় বলে মনে করেন। ঢাকাসহ সারাদেশের দূষণের অন্যতম প্রধান উৎস হলো ইটের ভাঁটা ও নির্মাণ সাইট থেকে সৃষ্ট ধুলাবালি ও বায়ু দূষণ। এটি নিরসনে তিনি গাছ লাগানোসহ অন্যান্য কার্যক্রম গ্রহণের পরামর্শ দেন। সেই সঙ্গে শহরের তাপমাত্রা নিয়ন্ত্রণে রাখার জন্য জলাধার খনন করাও জরুরি বলে উল্লেখ করেন তিনি। (বিবিসি ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## ভয়েস অফ আমেরিকা

### কক্সবাজারের রামুতে রাংকুট বনাশ্রম বৌদ্ধ বিহার পরিদর্শন করেছেন কূটনীতিকেরা

পররাষ্ট্র মন্ত্রণালয়ের উদ্যোগে দুই দিনব্যাপী অ্যাম্বেসেডরস আউটরিচ প্রোগ্রামের শেষ দিনে বুধবার (২৮ ফেব্রুয়ারি) কক্সবাজারের রামুতে অবস্থিত ঐতিহাসিক রাংকুট বনাশ্রম বৌদ্ধ তীর্থস্থানসহ বিভিন্ন স্থান পরিদর্শন করেছেন বাংলাদেশে নিয়োজিত বিভিন্ন দেশের কূটনীতিক ও আন্তর্জাতিক সংস্থার প্রতিনিধিরা। রামুতে ২ হাজার ৩০০ বছরের পুরনো মহামতি বুদ্ধের স্মৃতি বিজড়িত স্থান দেখে তারা বিমোহিত হয়েছেন। সকালে কূটনীতিকেরা রাংকুট বনাশ্রম বৌদ্ধ তীর্থস্থান এলে তাদের স্বাগত জানান বিহারাধ্যক্ষ জ্যোতিসেন মহাথেরো। তিনি কূটনীতিকদের কাছে বিহারের ঐতিহাসিক বিবরণ উপস্থাপন করেন। বিহারাধ্যক্ষ এই অঞ্চলের সাম্প্রদায়িক সম্প্রীতির বহুকালের ঐতিহ্য বিদেশের মিশন প্রধানদের জানান। পরিদর্শনকালে মিশন প্রধানেরা বুদ্ধাস্থি সম্বলিত ঋদ্ধিময় বুদ্ধবিম্ব পরিদর্শন এবং সেখানে শ্রদ্ধা নিবেদন করেন। তারা বিহারের বিভিন্ন স্থানে সংরক্ষিত বৌদ্ধ পুরাকীর্তিগুলো ঘুরে দেখেন। কূটনীতিকদের সম্মানে স্থানীয় শিশু-কিশোররা গান ও নৃত্য পরিবেশন করে। স্থানীয় পিঠা-পুলি আর ফল দিয়ে কূটনীতিকদের আপ্যায়িত করা হয়। পরে কূটনৈতিকেরা কক্সবাজারের লাবণী ট্যুরিস্ট মার্কেট পরিদর্শন করেন। তারা সেখানে বিভিন্ন হস্তশিল্পজাত পণ্যের দোকান ঘুরে দেখেন এবং স্যুভিনির কেনেন।

অতিরিক্ত পররাষ্ট্রসচিব ড. নজরুল ইসলামসহ পররাষ্ট্র মন্ত্রণালয়ের ঊর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন। বিকেলে বাংলাদেশ বিমানের ফ্লাইটে কূটনীতিকেরা ঢাকায় ফেরেন। এর আগে মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদের নেতৃত্বে অ্যাম্বেসেডরস আউটরিচ প্রোগ্রামে যোগ দিয়ে কূটনৈতিকেরা চট্টগ্রামের নেভাল একাডেমি ও কর্ণফুলী টানেল পরিদর্শন শেষে বিশেষ ট্রেনে কক্সবাজারের উদ্দেশে রওনা হন। সন্ধ্যায় কক্সবাজার শিল্পকলা একাডেমির উদ্যোগে জলবায়ুবিষয়ক নাটক, ঐতিহ্যবাহী গান, নৃত্য পরিবেশনের মাধ্যমে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। বিভিন্ন দেশ ও আন্তর্জাতিক সংস্থার ২৪ জন মিশন প্রধানসহ ৩৪ জন কূটনৈতিক সদস্য এই আউটরিচ কর্মসূচিতে অংশগ্রহণ করেন। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

### বরখাস্ত হওয়া পুলিশের ডিআইজি মিজানের ১৪ বছরের সাজা হাইকোর্টে বহাল

জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় বরখাস্ত হওয়া পুলিশের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মিজানুর রহমানের ১৪ বছরের কারাদণ্ড বহাল রেখেছেন বাংলাদেশ সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগ। বুধবার (২৮ ফেব্রুয়ারি) বিচারপতি মো. কামরুল হোসেন মোল্লার একক হাইকোর্ট বেঞ্চ এ রায় দেন। আদালতে দুর্নীতি দমন কমিশনের (দুদক) পক্ষে ছিলেন আইনজীবী খুরশীদ আলম খান। এর আগে ২০২৩ সালের ২১ জুন জ্ঞাত আয়বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় বরখাস্ত হওয়া পুলিশের উপ-মহাপরিদর্শক (ডিআইজি) মিজানুর রহমানকে ১৪ বছরের কারাদণ্ড দেন আদালত। এ ছাড়া এই মামলায় মিজানুর রহমানের স্ত্রী সোহেলিয়া আনার রত্না ও ভাগনে পুলিশের উপপরিদর্শক মাহমুদুল হাসানেকে ৭

বছর করে কারাদণ্ড দেওয়া হয়। ঢাকার বিশেষ জজ আদালত-৬-এর বিচারক মঞ্জুরুল ইমাম এ রায় ঘোষণা করেন। পরে এ রায়ের বিরুদ্ধে হাইকোর্টে আপিল করেন মিজানুর রহমান।

জ্ঞাত উৎসের বাইরে ৩ কোটি ২৮ লাখ টাকা অর্জনের অভিযোগে মিজান, তাঁর স্ত্রী সোহেলিয়া আনার রত্না এবং ভাগনে পুলিশের উপপরিদর্শক মাহমুদুল হাসানের বিরুদ্ধে ২০১৯ সালের ২৪ জুন দুদক ঢাকার সমন্বিত জেলা কার্যালয়ে মামলা দায়ের করে। তদন্ত শেষে ২০২০ সালের ৩০ জানুয়ারি দুদক তাদের বিরুদ্ধে চার্জশিট দাখিল করে। দুর্নীতির মামলায় কারাগারে থাকা ডিআইজি মিজানুর রহমানকে ২০২২ সালের ৩ নভেম্বর চাকরি থেকে বরখাস্ত করা হয়। একই বছরের ২০ অক্টোবর আদালত এই মামলায় মিজান এবং অপর তিনজনের বিরুদ্ধে অভিযোগ গঠন করেন। অপরদিকে দুদকের এক কর্মকর্তাকে ৪০ লাখ টাকা ঘুষ দেওয়ার অভিযোগে মিজানকে ২০২২ সালের ২৩ ফেব্রুয়ারি ৩ বছরের কারাদণ্ড দেওয়া হয়। দুর্নীতির মামলায় এই প্রথম পুলিশের কোনো পদস্থ কর্মকর্তার (বরখাস্ত হওয়া) সাজা উচ্চ আদালতে বহাল থাকল। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## নিয়োগের সময় ও জটিলতা কমাতে পদক্ষেপ নেওয়ার জন্য পিএসসি'র প্রতি রাষ্ট্রপতির আহ্বান

সরকারি নিয়োগে জটিলতা ও প্রক্রিয়াকরণে দীর্ঘসূত্রিতা নিরসনে প্রযুক্তির ব্যবহার বৃদ্ধিসহ কার্যকর পদক্ষেপ গ্রহণের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন বাংলাদেশের রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। বুধবার (২৮ ফেব্রুয়ারি) দুপুরে সরকারি কর্ম কমিশনের (পিএসসি) চেয়ারম্যান সোহরাব হোসাইনের নেতৃত্বে একটি প্রতিনিধিদল বঙ্গভবনে রাষ্ট্রপতির কাছে কমিশনের বার্ষিক প্রতিবেদন ২০২৩ পেশ করতে গেলে তিনি এ পরামর্শ দেন। রাষ্ট্রপতি কমিশনের প্রতিটি কাজে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করারও নির্দেশ দেন। সাক্ষাৎকালে পিএসসি চেয়ারম্যান প্রতিবেদনের বিভিন্ন দিক এবং কমিশনের সার্বিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।

মো. সাহাবুদ্দিন বলেন, "দেশের মেধাবী তরুণরা যাতে তাদের মেধা ও যোগ্যতার স্বাক্ষর রেখে জনগণের সেবার মনোভাব নিয়ে সরকারি চাকরিতে প্রবেশ করতে পারে সেই লক্ষ্যে কর্ম কমিশনের সকল কার্যক্রম পরিচালনা করতে হবে।" তিনি আরও বলেন, "বাছাই প্রক্রিয়ায় চাকরিপ্রার্থীদের দেশপ্রেম, সততা ও নিষ্ঠা এবং স্বাধীনতা ও মুক্তিযুদ্ধের চেতনা সম্পর্কিত বিষয়াদিকে গুরুত্ব দিতে হবে।" পিএসসির কার্যক্রমে সন্তোষ প্রকাশ করে রাষ্ট্রপতি আশা প্রকাশ করে বলেন, "ভবিষ্যতে পিএসসি আরও গতিশীল হবে এবং নিয়োগ প্রক্রিয়ার দীর্ঘসূত্রিতা কমিয়ে আনতে সক্ষম হবে।" এ সময় রাষ্ট্রপতির সংশ্লিষ্ট সচিবগণ উপস্থিত ছিলেন। দেশের আইনশৃঙ্খলা রক্ষায় পুলিশকে দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানিয়েছেন রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন। মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) ঢাকার রাজারবাগ পুলিশ লাইনসে পুলিশ সপ্তাহ উপলক্ষে বাংলাদেশ পুলিশের বার্ষিক নৈশভোজে অংশ নিয়ে তিনি এ আহ্বান জানান।

মো. সাহাবুদ্দিন বলেন, "উন্নয়ন, অগ্রগতি ও সুশাসনকে অক্ষুণ্ণ রাখতে আইনের যথাযথ প্রয়োগ জরুরি।" তিনি বলেন, "জাতীয় জরুরি সেবা ৯৯৯ জনসাধারণের দৃষ্টি আকর্ষণ করেছে। জনগণ ঘরে বসে অনলাইনে পুলিশ ক্লিয়ারেন্স এবং সাধারণ ডায়েরির মতো ডিজিটাল সেবা গ্রহণ করছে।" আগামীতে তথ্য ও প্রযুক্তিগত সেবা সম্প্রসারণে পুলিশ বাহিনীর সদস্যদের আরও সক্রিয় হওয়ারও পরামর্শ দেন তিনি। মো. সাহাবুদ্দিন বলেন, "যারা থানায় আসেন তাদের আরও আন্তরিকতার সঙ্গে সেবা দিতে হবে।" তিনি পুলিশ বাহিনীকে গণমুখী সেবা নিশ্চিত করার আহ্বান জানান। নৈশভোজের আগে রাষ্ট্রপতি সাংস্কৃতিক অনুষ্ঠান উপভোগ করেন। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## বাংলাদেশে রমজান মাসে অফিসের নতুন সময়সূচি নির্ধারণ

রমজান মাসে বাংলাদেশে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্তশাসিত ও আধা-স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের অফিস সময় সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত নির্ধারণ করেছে সরকার। বুধবার (২৮ ফেব্রুয়ারি) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে এ বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মো. মাহবুব হোসেন সাংবাদিকদের বলেন, "রমজান মাসে সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত অফিসের সময় নির্ধারণ করা হয়েছে।" তিনি জানান, জোহরের নামাজের জন্য দুপুর সোয়া ১টা থেকে দেড়টা পর্যন্ত ১৫ মিনিটের বিরতি থাকবে। মাহবুব হোসেন আরও বলেন, "ব্যাংক, বিমা, আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্য জরুরি সেবাদানকারী প্রতিষ্ঠান এ সময়সূচির আওতার বাইরে থাকবে।" এসব প্রতিষ্ঠান তাদের নিজস্ব আইন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে সময়সূচি নির্ধারণ ও অনুসরণ করবে বলেও জানান তিনি। এ ছাড়া সুপ্রিম কোর্ট ও এর আওতাধীন সব কোর্টের সময়সূচি সুপ্রিম কোর্ট নির্ধারণ করবে বলেও জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। মুসলমানদের সিয়াম সাধনার পবিত্র রমজান মাস বাংলাদেশে চাঁদ দেখা সাপেক্ষে ১২ মার্চ থেকে শুরু হওয়ার কথা রয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## অমর একুশে বইমেলার সময় দুই দিন বেড়েছে

অমর একুশে বইমেলা-২০২৪ এর নির্ধারিত সময়ের বাইরে আরও দুই দিন সময় বাড়ানো হয়েছে। মঙ্গলবার (২৭ ফেব্রুয়ারি) সন্ধ্যায় বাংলা একাডেমির মহাপরিচালক মুহাম্মদ নূরুল হুদা এ তথ্য জানান। তিনি বলেন, "প্রধানমন্ত্রীর সম্মতিতে বইমেলার মেয়াদ দুই দিন বাড়ানো হয়েছে।" এর আগে সংস্কৃতি মন্ত্রণালয়ের সচিব খলিল আহমদ গণমাধ্যমকে বলেন, "প্রধানমন্ত্রী মেলার মেয়াদ দুই দিন বাড়ানোর অনুমোদন দিয়েছেন। আমরা মেলা পরিচালনা

কমিটিকে এ বিষয়ে অবহিত করেছি। বুধবার নোটিফিকেশন জারি করা হবে।" ঘোষণা অনুযায়ী ২ মার্চ বইমেলা শেষ হবে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

**রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় পর্যায়ে থাকবে : প্রধানমন্ত্রী শেখ হাসিনা**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম সহনীয় পর্যায়ে থাকবে। তিনি বলেন, "আশা করছি, পবিত্র রমজান মাসে মূল্যস্ফীতি সহনীয় পর্যায়ে থাকবে এবং বাজারে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যমূল্যের লাগাম টেনে ধরা সম্ভব হবে।" বুধবার (২৮ ফেব্রুয়ারি) বাংলাদেশ জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর জন্য নির্ধারিত প্রশ্নোত্তর পর্বে সরকারদলীয় সংসদ সদস্য (ভোলা) আলী আজমের এক লিখিত প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। শেখ হাসিনা বলেন, সরকার ইতিমধ্যে যেসব পদক্ষেপ নিয়েছে তা বয়স্ক ব্যক্তি, বিধবা, স্বামী পরিত্যক্ত নারী এবং নিম্নআয়ের মানুষসহ দরিদ্র পরিবারগুলোকে স্বস্তি দেবে। তিনি বলেন, বর্তমান সরকার জনগণের সরকার। তাই জনগণের দুর্ভোগ লাঘবে সরকার সব সময় সচেষ্ট। "নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের স্বাভাবিক দাম স্বাভাবিক রাখতে সরকার সবকিছু করছে। আমরা ইতিমধ্যে ভোক্তা পর্যায়ে মূল্যের অস্বাভাবিক বৃদ্ধি অনেকাংশে নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়েছি।"

শেখ হাসিনা বলেন, "অনেক পণ্য আমদানি করতে হয়, আমরা অন্যের ওপর নির্ভরশীল, আমরা নির্ভরশীলতা কাটিয়ে উঠতে চাই, নিজেদের উৎপাদন বাড়াতে চাই।" তিনি বলেন, বিশ্ববাজারে জ্বালানি তেল, ভোজ্যতেল, গম, সারসহ বিভিন্ন খাদ্যপণ্য, ভোগ্যপণ্য ও শিল্পের কাঁচামালের মতো কিছু পণ্যের দাম বেড়ে যাওয়ায় আমদানি মূল্যস্ফীতির চাপ অনুভব করছে বাংলাদেশ। মূল্যস্ফীতি কমাতে বিভিন্ন শুল্ক ছাড় দেওয়া হচ্ছে বলেও উল্লেখ করেন তিনি।

বিরোধীদলীয় চিফ হুইপ ও কিশোরগঞ্জ থেকে নির্বাচিত জাতীয় পার্টির সংসদ সদস্য মুজিবুল হক চুন্নুর প্রতিক্রিয়ায় প্রধানমন্ত্রী বলেন, সরকার অসাধু ব্যবসায়ীদের বিরুদ্ধে মোবাইল কোর্টসহ আইনি ব্যবস্থা নেয়। এরপরও যদি কেউ ইচ্ছাকৃতভাবে কোনো পণ্যের দাম বাড়ায় তার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে। এ ব্যাপারে নির্বাচিত জনপ্রতিনিধিদেরও দায়িত্ব রয়েছে বলে উল্লেখ করেন তিনি। তিনি বলেন, "সবাই যদি বাজার মনিটরিংয়ে সহযোগিতা করে, তাহলে এই অসাধু ব্যবসায়ীরা নিত্যপণ্যের দাম বাড়াতে পারবে না।"আরেক প্রশ্নের জবাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা আশ্বস্ত করেছেন, তারাবির নামাজ ও সেহরির সময় বিদ্যুতের কোনো সমস্যা হবে না। তিনি বলেন, "যদি প্রয়োজন হয় দিনের কোনো এক সময় যখন চাহিদা কম থাকে তখন দুই-তিন ঘণ্টা লোডশেডিং করা যায়। এতে লোডশেডিং সহনীয় পর্যায়ে থাকবে, বিদ্যুতের সংকট কিন্তু হবে না। বিশেষ করে তারাবি ও সেহেরির সময়ে সংকট হবে না। আমাদের প্রচেষ্টা সেইভাবে থাকবে।"

নাটোর থেকে নির্বাচিত স্বতন্ত্র সংসদ সদস্য মো. আবুল কালামের সম্পূরক প্রশ্নের জবাবে শেখ হাসিনা এ কথা বলেন। সরকার বিদ্যুৎ উৎপাদন ও ভর্তুকি মূল্যে বিতরণে প্রচুর অর্থ ব্যয় করে উল্লেখ করে তিনি বলেন, "এখন বিশ্বব্যাপী তেল, এলএনজি, পরিবহনসহ সবকিছুর দাম বেড়েছে। তারপরও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য আমাদের প্রচেষ্টা রয়েছে।" শেখ হাসিনা আরও উল্লেখ করেন, দেশে জ্বালানি তেল এবং এলএনজির ঘাটতি থাকায় বিদ্যুতের উৎপাদন বাধাগ্রস্ত বা হ্রাস হতে পারে এবং বিদ্যুৎ উৎপাদন একটি যান্ত্রিক সমস্যা। যেকোনো কারণে বিদ্যুৎ উৎপাদন কমে যায় বা বাধাগ্রস্ত হয়। শেখ হাসিনা বলেন, এক সময় ১০/১২ ঘণ্টা লোডশেডিং থাকলেও এখন দেশের পরিস্থিতির অনেক পরিবর্তন হয়েছে। তিনি বলেন, "কিন্তু আমি মনে করি মাঝে মাঝে লোডশেডিং করাই ভালো। তাহলে মানুষ অতীত ভুলবে না। অন্তত তারা বুঝতে পারবে তারা কোথায় ছিল এবং তারা এখন কোথায় আছে।"

রমজান মাসে সরকারিভাবে বড় ধরনের ইফতার পার্টির আয়োজন না করার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার প্রধানমন্ত্রী তাঁর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে সভাপতিত্বকালে এ নির্দেশ দেন। মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন বলেন, "প্রধানমন্ত্রীর একটি নির্দেশনা রয়েছে, তা হলো-রমজান মাসে সরকারিভাবে বড় কোনো ইফতার পার্টির আয়োজন করা যাবে না।" এক প্রশ্নের জবাবে মাহবুব হোসেন বলেন, "বেসরকারি পর্যায়ে বড় ইফতার পার্টির আয়োজনকেও নিরুৎসাহিত করা হয়েছে। বলা হয়েছে, কেউ যদি সত্যিই চায় তাহলে সেই টাকা দিয়ে খাবার কিনে গরিব মানুষের মধ্যে বিতরণ করতে পারে।" চাঁদ দেখা সাপেক্ষে ১২ মার্চ থেকে রমজান মাস শুরু হওয়ার কথা রয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

**শপথ নিয়েছেন দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যরা**

দ্বাদশ জাতীয় সংসদে নারীদের জন্য সংরক্ষিত ৫০টি আসনে নির্বাচিত সংসদ সদস্যেরা শপথ নিয়েছেন। বুধবার (২৮ ফেব্রুয়ারি) বিকেলে জাতীয় সংসদ ভবনের শপথকক্ষে তাঁদের শপথ পাঠ করান স্পিকার শিরীন শারমিন চৌধুরী। এ সময় প্রধানমন্ত্রী ও সংসদ নেতা শেখ হাসিনা উপস্থিত ছিলেন। এর আগে মঙ্গলবার দ্বাদশ জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে ৫০ জন সংসদ সদস্য নির্বাচিত হওয়ার ঘোষণা দিয়েছে নির্বাচন কমিশন সচিবালয়। নির্বাচিতদের মধ্যে ৪৭ জন আওয়ামী লীগের, একজন ১৪ দলীয় জোটের শরিক গণতন্ত্রী পার্টির এবং বাকি দুজন জাতীয় পার্টির। স্পিকার প্রথমে আওয়ামী লীগ ও গণতন্ত্রী পার্টি থেকে নির্বাচিতদের শপথ পড়ান। এরপর জাতীয় পার্টি থেকে নির্বাচিত দুজনকে আলাদাভাবে শপথ পড়ানো হয়। শপথ গ্রহণ শেষে নবনির্বাচিত সংসদ সদস্যেরা রীতি অনুযায়ী শপথ বইয়ে সই করেন। ১৪ মার্চ নারীদের জন্য সংরক্ষিত ৫০টি আসনে নির্বাচনের ভোট গ্রহণের তারিখ ছিল। কিন্তু প্রতিদ্বন্দ্বী না থাকায়

ভোটের প্রয়োজন হয়নি। সরাসরি নির্বাচনে দল বা জোটগুলোর পাওয়া আসনের সংখ্যানুপাতিক হারে নারী আসন বণ্টন করা হয়।

উল্লেখ্য, এ বছরের ৭ জানুয়ারি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনে দুই তৃতীয়াংশের ওপর সংখ্যাগরিষ্ঠতা নিয়ে টানা চতুর্থবার সরকার গঠন করেছে শেখ হাসিনার নেতৃত্বাধীন আওয়ামী লীগ। নির্বাচনে জাতীয় পার্টির ১১ জন এবং জাসদ, ওয়ার্কার্স পার্টি ও কল্যাণ পার্টি থেকে জয়ী হয়েছেন ১ জন করে। জাতীয় পার্টির ১১ জনই জয়ী হয়েছেন আওয়ামী লীগের সমর্থন নিয়ে। জাসদ ও ওয়ার্কার্স পার্টির প্রার্থীরা জয়ী হয়েছেন নৌকা নিয়ে লড়ে। আর কল্যাণ পার্টিও তার আসনটি জিতেছে আওয়ামী লীগের সমর্থন নিয়ে। এ ছাড়া, বিজয়ী ৬২ জন স্বতন্ত্র প্রার্থীর মধ্যে ৫৮ জনই আওয়ামী লীগের নেতা। ফলে এ নির্বাচন শেষে বাংলাদেশে একটি একদলীয় 'গণতন্ত্রের' উত্থান হওয়ার আশংকা দেখা দিয়েছে। বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)সহ ৬৩টি রাজনৈতিক দলের বর্জন করা এ নির্বাচনে নির্বাচন কমিশনের দেওয়া দেয়া তথ্য মতে ভোটার উপস্থিতি ছিল ৪১ দশমিক ৮ শতাংশ। ভোটার উপস্থিতির সরকারি এই তথ্যের বিশ্বাসযোগ্যতা নিয়ে দেশে বিদেশে প্রশ্ন উঠেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ১৯৭৫ সালের পর এটিই বাংলাদেশে হওয়া সবচেয়ে অবাধ ও সুষ্ঠু নির্বাচন। যদিও বিএনপিসহ, দেশি বিদেশি অনেকেই এই নির্বাচনকে 'ডামি নির্বাচন' বলে দাবি করেছেন।

এদিকে বাংলাদেশের নির্বাচন নিয়ে যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যে ও জাতিসংঘ পৃথক পৃথক বিবৃতি দিয়েছে। যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তরের মুখপাত্র ম্যাথিউ মিলার এক বিবৃতি দেন। বিবৃতিতে বলা হয়, যুক্তরাষ্ট্র বাংলাদেশের জনগণ এবং তাদের গণতন্ত্র, শান্তিপূর্ণ সমাবেশ ও মতপ্রকাশের স্বাধীনতার প্রতি তাদের আকাঙ্ক্ষাকে সমর্থন করে। যুক্তরাষ্ট্র লক্ষ্য করেছে ৭ জানুয়ারি অনুষ্ঠিত জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী-লীগ সর্বোচ্চসংখ্যক আসন নিয়ে জয়ী হয়েছে। বাংলাদেশের এই নির্বাচন সুষ্ঠ ও অবাধ হয়নি বলে অন্য পর্যবেক্ষকদের প্রতিক্রিয়ার সঙ্গে যুক্তরাষ্ট্র একমত বলে জানানো হয় বিবৃতিতে। এছাড়া বিবৃতিতে নির্বাচনে সব দল অংশগ্রহণ না করায় হতাশা প্রকাশ করা হয়। যুক্তরাজ্যের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস (এফসিডিও) বা দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়ের বিবৃতিতে বলা হয়, "গণতান্ত্রিক নির্বাচন নির্ভর করে বিশ্বাসযোগ্য, মুক্ত ও সুষ্ঠু প্রতিযোগিতার ওপর। মানবাধিকার, আইনের শাসন ও যথাযথ প্রক্রিয়ার প্রতি শ্রদ্ধা গণতান্ত্রিক প্রক্রিয়ার অপরিহার্য উপাদান। নির্বাচনের সময় এসব মানদণ্ড ধারাবাহিকভাবে মেনে চলা হয়নি।" বিবৃতিতে নির্বাচনে সব দল অংশ না নেওয়ায় বাংলাদেশের মানুষের হাতে ভোট দেওয়ার জন্য প্রয়োজনীয় সংখ্যক বিকল্প ছিল না বলে মতামত দেওয়া হয়। জাতিসংঘের মানবাধিকারবিষয়ক প্রধান ভলকার টার্ক এক বিবৃতিতে বাংলাদেশে নির্বাচনকে কেন্দ্র করে সহিংসতা, বিরোধী রাজনৈতিক কর্মীদের গ্রেফতার এবং আটকাবস্থায় মৃত্যুর ঘটনায় উদ্বেগ জানান। বিবৃতিতে তিনি নবনির্বাচিত সরকারকে দেশের গণতন্ত্র, মানবাধিকারের প্রতি প্রতিশ্রুতি পূরণে পদক্ষেপ নিতে আহবান জানান। (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## অফশোর ব্যাংকিং আইন ২০২৪–এর খসড়ার চূড়ান্ত অনুমোদন

বৈদেশিক মুদ্রার রিজার্ভ বৃদ্ধি ও বৈদেশিক বিনিয়োগ আকৃষ্ট করতে অফশোর ব্যাংকিং আইন, ২০২৪–এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। বুধবার (২৮ ফেব্রুয়ারি) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠকের পর মন্ত্রিপরিষদ সচিব মাহবুব হোসেন বাংলাদেশ সচিবালয়ে সাংবাদিকদের ব্রিফিংকালে বলেন, প্রস্তাবিত আইন অনুযায়ী অনাবাসিক ব্যক্তি বা বিদেশি প্রতিষ্ঠান, যারা এখানে বিনিয়োগ করবে, তারা অফশোর ব্যাংক অ্যাকাউন্ট খুলতে পারবে। তিনি বলেন, "অফশোর ব্যাংকিং করতে হলে বাংলাদেশ ব্যাংকের লাইসেন্স লাগে। যারা এই লাইসেন্স পেয়েছেন তাদের নতুন লাইসেন্স করার প্রয়োজন নেই।" যুক্তরাষ্ট্রের ডলার, যুক্তরাজ্যের পাউন্ড, ইউরোপীয় ইউনিয়নের ইউরো, জাপানি ইয়েন ও চীনা ইউয়ান-এই পাঁচটি মুদ্রা দিয়ে অফশোর ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করা যায়। বিদেশে বসবাসরত বাংলাদেশির কোনো আত্মীয় অ্যাকাউন্ট খুলে অ্যাকাউন্টটি একজন সমর্থক হিসেবে পরিচালনা করতে পারবেন। এখন বাংলাদেশের অভ্যন্তরীণ ব্যাংকিং ব্যবস্থায় যেসব বিদেশিরা অর্থ জমা রাখেন, তাদের দেশ থেকে অর্থ পাঠাতে অনুমতি নিতে হয়। তবে অফশোর ব্যাংকিংয়ের ক্ষেত্রে তারা অবাধে এটি করতে পারেন।

মন্ত্রিপরিষদ সচিব বলেন, "আমরা আশা করি, এখানে যারা ব্যবসা করে লাভবান হবেন তারা এখানে টাকা জমা করতে আগ্রহী হবেন।" মাহবুব হোসেন বলেন, শুধু রিজার্ভ বাড়ানো নয়, আর্থিক লাভের জন্যও অফশোর ব্যাংকিংয়ের উদ্যোগ নেওয়া হয়েছে। তিনি বলেন, "অফশোর অ্যাকাউন্টে কেউ টাকা রাখলে টাকার উৎস সম্পর্কে কেউ জিজ্ঞাসা করবে না।" (ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## বিভিন্ন দেশে নিয়োজিত বাংলাদেশের ৯ রাষ্ট্রদূতকে দেশে ফেরার নির্দেশ

বিভিন্ন দেশে নিয়োজিত বাংলাদেশের ৯ রাষ্ট্রদূতকে তাদের বর্তমান দায়িত্বভার অবিলম্বে ছেড়ে ঢাকায় ফিরে আসার নির্দেশ দিয়েছে পররাষ্ট্র মন্ত্রণালয়। চাকরি বা চুক্তির মেয়াদ শেষ হওয়ায় তাদের এই নির্দেশ দেওয়া হয়েছে। ৯ রাষ্ট্রদূতের কাছে পৃথক পৃথকভাবে পাঠানো আদেশে বলা হয়, "আপনাকে সদর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকায় স্থানান্তরের সিদ্ধান্ত নেওয়া হয়েছে।" যাদের ফিরে আসার নির্দেশ দেওয়া হয়েছে তারা হলেন–কানাডায় নিযুক্ত

বাংলাদেশের হাইকমিশনার খলিলুর রহমান, জার্মানিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোশাররফ হোসেন ভূঁইয়া, ইতালিতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মনিরুল ইসলাম, পোল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত সুলতানা লায়লা হোসেন, কুয়েতে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মেজর জেনারেল মো. আশিকুজ্জামান, সুইজারল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ সুফিউর রহমান, জাপানে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত শাহাবুদ্দিন আহমদ, থাইল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ আবদুল হাই এবং গ্রিসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত আসুদ আহমেদ। পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়, বিদেশে ৯টি মিশনে নতুন রাষ্ট্রদূত নিয়োগের প্রক্রিয়া শিগগিরই শুরু করবে সরকার।
(ভোয়া ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## রেডিও তেহরান

### বাংলাদেশে নির্বাচনের সকল কার্যক্রম হচ্ছে ডিজিটাল, জানালেন ইসি আলমগীর

বাংলাদেশের অন্যতম নির্বাচন কমিশনার (ইসি) মো. আলমগীর বলেছেন, নির্বাচনে এনালগ পদ্ধতি বাতিল করা হবে এবং প্রার্থীদের মনোনয়ন পত্র সহ নির্বাচনের সব কার্যক্রম ডিজিটাল করার প্রক্রিয়া চলছে। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদন :

নির্বাচন কমিশনার (ইসি) মো. আলমগীর হোসেন বলেছেন, নির্বাচনে এনালগ পদ্ধতি বাতিল করা হবে শীঘ্রই। প্রার্থীদের নমিনেশন পেপার সাবমিটসহ নির্বাচনের সব কার্যক্রম এখন ডিজিটাল প্রক্রিয়ায় শুরু করা হবে। বুধবার ময়মনসিংহ সিটি করপোরেশন নির্বাচনে দায়িত্বপ্রাপ্তদের সঙ্গে জেলা প্রশাসক কার্যালয়ে এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। ইসি আলমগীর বলেন, নির্বাচন নিরপেক্ষ হবে। কোথাও কোনো অনিয়মের সুযোগ নেই। অভিযোগ পেলে সঙ্গে সঙ্গেই ব্যবস্থা নেয়া হবে। পরে টাউনহলে তারেক স্মৃতি অডিটোরিয়ামে নির্বাচনে মেয়র, কাউন্সিলর প্রার্থীদের সঙ্গে মতবিনিময় করেন ইসি আলমগীর (স্বকণ্ঠে) : একটি শান্তিপূর্ণ, সুষ্ঠু, অবাধ এবং নিরপেক্ষভাবে নির্বাচন করবেন। নির্বাচনে যেন পক্ষপাতিত্ব না হয় এবং ভোটারদের প্রতি আহ্বান থাকবে যে, তারা যেন অত্যন্ত সুষ্ঠুভাবে, সুন্দরভাবে, উৎসাহের সঙ্গে ভোটকেন্দ্রে আসেন এবং তার পছন্দের প্রার্থীকে ভোট দেন। এ সময় ময়মনসিংহ বিভাগীয় কমিশনার, রেঞ্জ ডিআইজি কার্যালয়ের কর্মকর্তাসহ বিভিন্ন পর্যায়ের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৮.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### ঢাকায় দ্রব্যমূল্যের উর্দ্ধগতির প্রতিবাদে গণতন্ত্রমঞ্চের বিক্ষোভে পুলিশের লাঠিচার্জ

বাংলাদেশে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, ব্যাংকের অর্থ লোপাট ও অর্থপাচারের প্রতিবাদে সচিবালয় অভিমুখে গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ মিছিলে দুই দফা পুলিশের লাঠিচার্জ হয়েছে। এ সম্পর্কে ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধির প্রতিবেদন :
বাংলাদেশে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, ব্যাংকের অর্থ লোপাট ও অর্থপাচারের প্রতিবাদে সচিবালয় অভিমুখে গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ মিছিলে দুই দফা লাঠিচার্জ করেছে পুলিশ। এসময় পুলিশের লাঠিচার্জে গণতন্ত্র মঞ্চের অন্যতম নেতা জোনায়েদ সাকি সহ বেশ কয়েকজন নেতাকর্মী আহত হয়েছেন। এছাড়াও ঘটনাস্থল থেকে একজনকে আটক করেছে পুলিশ। বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে প্রতিবাদ সমাবেশ করে গণতন্ত্র মঞ্চ। সমাবেশ শেষে সচিবালয় অভিমুখে বিক্ষোভ মিছিল নিয়ে গুলিস্তানের জিরো পয়েন্টে পৌঁছালে পুলিশের ব্যারিকেডের মুখে পড়ে তারা। এসময় মঞ্চের নেতাকর্মীরা ব্যারিকেড ভাঙতে চাইলে পুলিশ বাধা দেয়। একপর্যায়ে নেতাকর্মীদের ওপর চড়াও হয় পুলিশ। সরেজমিন দেখা যায়, বাধা দিতে চাইলে পুলিশের সঙ্গে হাতাহাতিতে জড়িয়ে পড়েন মঞ্চের নেতাকর্মীরা। এসময় পুলিশ প্রথম দফা লাঠিচার্জ করে। এতে মঞ্চের অন্যতম নেতা জোনায়েদ সাকিসহ বেশ কয়েকজন আহত হন। পরে মঞ্চের নেতাকর্মীরা পুলিশের ওপর আবারও চড়াও হলে লাঠিচার্জ করে পুলিশ সদস্যরা। পুলিশের হামলার প্রতিবাদ জানিয়ে বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বলেন, তারা শান্তিপূর্ণভাবে কর্মসূচি করছিলেন। কিন্তু পুলিশ তাদের বাধা দিয়েছে। এতে অন্তত ৫০ জন নেতাকর্মী আহত হয়েছে বলে দাবী করেন তিনি (স্বকণ্ঠে) : সরকার মুখে গণতন্ত্রের কথা বলে। বাস্তবে তারা যেটা ফ্যাসিবাদী স্বৈরতন্ত্র কায়েম করেছে, আজকের শান্তিপূর্ণ বিক্ষোভে এই হামলা তার সর্বশেষ নজির।
তবে, ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) রমনা জোনের এডিসি শাহ্ আলম মোহাম্মদ আক্তারুল ইসলাম গণমাধ্যমকে বলেছেন, অনুমতি ছাড়াই বিক্ষোভ মিছিল করেছে গণতন্ত্র মঞ্চের নেতাকর্মীরা। একপর্যায়ে তারা পুলিশকে কথা দিয়েছিলেন যে, সচিবালয়ের সামনে এসে শান্তিপূর্ণ মিছিল করে চলে যাবেন তারা। কিন্তু হঠাৎ তারা পুলিশের ব্যারিকেড অতিক্রম করে সচিবালয়ে ঢোকার চেষ্টা করলে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করে পুলিশ (স্বকণ্ঠে) : আমরা তাদেরকে ডিসেন্টভাবে নিষেধ করা সত্ত্বেও তারা শোনেনি। উপরন্ত আমাদের পুলিশ সদস্যদের উপর চড়াও হয়েছেন। পরবর্তীতে আমরা বাঁশি দিয়ে এবং মিনিমাম শক্তি প্রয়োগ করে তাদের এখান থেকে সরিয়ে দেওয়ার চেষ্টা করেছি মাত্র।
(রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৮.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

### নির্বাচন নিয়ে মানুষের অনাস্থা দূর করা যায়নি : রাশেদ খান মেনন

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন হলেও নির্বাচন নিয়ে মানুষের অনাস্থা দূর করা যায়নি বলে মন্তব্য করেছেন আওয়ামী লীগের নেতৃত্বাধীন ১৪ দলীয় জোটের শরিক ওয়ার্কার্স পার্টির সভাপতি রাশেদ খান মেনন। তিনি বলেন, নানা জটিল পরিস্থিতির মধ্য দিয়ে এই নির্বাচিনটি হয়ে যাওয়া দেশি-বিদেশি ষড়যন্ত্র এবং অসংবিধানিক ধারার বিরুদ্ধে বিশেষভাবে

মার্কিন সাম্রাজ্যবাদী হস্তক্ষেপের বিরুদ্ধে একটি রাজনৈতিক বিজয়। তবে এ কথা সত্য যে, নির্বাচন সম্পর্কে জনগণের অনাস্থাবোধ তা দূর করা যায়নি। মঙ্গলবার জাতীয় সংসদে প্রেসিডেন্টের ভাষণের উপর আনিত ধন্যবাদ প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে তিনি এসব কথা বলেন। তিনি বলেন কালো টাকার প্রভাব, বিশ্ব সংস্থার নিয়ন্ত্রণ, কোন কোন ক্ষেত্রে নির্বাচন কমিশনের অসহায়ত্ব, শহরাঞ্চলগুলোতে ভোটারদের নগণ্য উপস্থিতি নির্বাচনের বিশ্বাসযোগ্যতাকে ক্ষুন্ন করেছে। কিন্তু তা কোনক্রমেই নির্বাচনের গ্রহণযোগ্যতাকে প্রশ্নবিদ্ধ করে না। আমাদের সামনে সাম্প্রতিক পাকিস্তানের নির্বাচনের অভিজ্ঞতা রয়েছে। পাকিস্তানের মত মার্কিন যুক্তরাষ্ট্র, লন্ডন ষড়যন্ত্র বাস্তবায়ন করতে পারলে বাংলাদেশের নির্বাচনকেও একই পরিণতি বহন করতে হবে। (রেডিও তেহরান : ২০৩০ ঘ. ২৮.০২.২০২৪, বাদশা রহমান, এলিনা)

## এনএইচকে

### এলডিপির অর্থ কেলেঙ্কারি নিয়ে নৈতিকতা পরিষদের অধিবেশনে যোগ দেবেন জাপানের প্রধানমন্ত্রী

জাপানের প্রধানমন্ত্রী কিশিদা ফুমিও বলেছেন যে প্রধান ক্ষমতাসীন লিবারেল ডেমোক্রেটিক পার্টির বিভিন্ন উপদলের জড়িত থাকা একটি তহবিল সংগ্রহ কেলেঙ্কারি নিয়ে নিম্নকক্ষের নৈতিকতা সংক্রান্ত এক বৈঠকে তিনি যোগ দেবেন। কিশিদা বুধবার সাংবাদিকদের বলেন যে সংবাদ মাধ্যমের উপস্থিতিতে নিম্ন কক্ষের রাজনৈতিক নৈতিকতা সংক্রান্ত বিষয়াবলী বিচার বিবেচনা করে দেখা পরিষদে তিনি যোগ দেবেন। এটা হবে প্রথমবারের মতো ক্ষমতাসীন কোনো প্রধানমন্ত্রীর এতে যোগ দেয়া। এলডিপি এবং সাংবিধানিক ডেমোক্রেটিক পার্টির নিম্ন কক্ষের নৈতিকতা পরিষদের প্রতিনিধিরা বৈঠক করেছেন এবং বৃহস্পতি ও শুক্রবার পরিষদের অধিবেশন আয়োজন করতে সম্মত হয়েছেন। তারা জানান, কিশিদা বৃহস্পতিবার অধিবেশনে যোগ দেবেন। তহবিল সংগ্রহের আয়ের হিসাব সঠিকভাবে ঘোষণা করা হয়নি এমন অভিযোগের কেন্দ্রে থাকা এলডিপির পাঁচজন আইন প্রণেতার একজন, প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী তাকেদা রিওতাও বৃহস্পতিবারের অধিবেশনে যোগ দেবেন। অবশিষ্ট চারজন আইনপ্রণেতা, প্রাক্তন শিক্ষামন্ত্রী শিওনোইয়া রিইউ, সাবেক চিফ কেবিনেট সেক্রেটারি মাৎসুনো হিরোকাযু, প্রাক্তন বাণিজ্যমন্ত্রী নিশিমুরা ইয়াসুতোশি এবং সংসদ বিষয়ক সাবেক প্রধান তাকাগিৎ সুইয়োশি শুক্রবারের অধিবেশনে যোগ দেবেন।

(এনএইচকে ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ এলিনা)

## ডয়েচে ভেলে

### বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, এমডি নিয়োগে নতুন নীতিমালা জারি করেছে কেন্দ্রীয় ব্যাংক

ব্যাংক খাতে সুশাসন প্রতিষ্ঠার জন্য বাণিজ্যিক ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক, এমডি নিয়োগে নতুন নীতিমালা জারি করেছে কেন্দ্রীয় ব্যাংক। নীতিমালায় এমডির যোগ্যতা, নিয়োগ পদ্ধতি ও অপসারণসহ বিভিন্ন বিষয় সুনির্দিষ্ট করা হয়েছে। বিশ্লেষদের একাংশ বলছেন, এমডিদের জন্য যে নীতি করা হয়েছে তা ইতিবাচক, তবে ব্যাংক খাতে সুশাসনের প্রধান অন্তরায় এখন পরিচালনা নীতি ও পরিচালনা পর্ষদ আইন, সেখানে পরিবর্তন না আনলে সুশাসনের পথে এগোনো যাবে না। বাংলাদেশ ব্যাংকের প্রজ্ঞাপনে বলা হয়েছে, বাণিজ্যিক ব্যাংকের এমডিদের নিয়োগ হবে সর্বোচ্চ তিন বছরের জন্য। ব্যাংক ও আর্থিক খাতে ২০ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ৪৫ থেকে ৬৫ বছরের মধ্যে। এমডি হতে হলে কেন্দ্রীয় ব্যাংকের নিয়োগ কমিটির কাছে মৌখিক পরীক্ষা দিতে হবে। কেউ হঠাৎ করেই এমডির পদ ছাড়তে পারবেন না। আবার কোনো ব্যাংক চাইলেই মেয়াদ শেষ হওয়ার আগে বাংলাদেশ ব্যাংকের অনুমোদন ছাড়া অপসারণ করতে পারবে না। দুই ক্ষেত্রেই বাংলাদেশ ব্যাংকের কমিটির কাছে ব্যাখ্যা দিতে হবে। কমিটি যে সিদ্ধান্ত দেবে, তাই চূড়ান্ত হবে। এমডি নিয়োগের ক্ষেত্রে খেলাপি ঋণ অবলোপন ও আদায়ে পারদর্শিতা দেখবে বাংলাদেশ ব্যাংক।

এমডি পুনর্নিয়োগের ক্ষেত্রেও একই নীতি। তবে পুনর্নিয়োগের ক্ষেত্রে এমডি থাকাকালে বাংলাদেশ ব্যাংকের কোনো ধরনের পরিদর্শনে কেনো নেতিবাচক রিপোর্ট থাকতে পারবে না। এমডিদের এই সুরক্ষা দেয়ার পাশাপাশি তাদের দায়িত্বও নির্দিষ্ট করে দেয়া হয়েছে। এমডির পরিবারের কোনো সদস্য ওই ব্যাংকের পরিচালক হতে পারবেন না। আর তাদের বেতন, সুযোগ-সুবিধা কী হবে তাও বলা হয়েছে নীতিমালায়। বাংলাদেশে বিদেশি ব্যাংকের এমডি নিয়োগেও একই নিয়ম কার্যকর হবে। যমুনা ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক মোঃ নুরুল আমিন বলেন,'কিছুদিন ধরে বাংলাদেশ ব্যাংক ব্যাংক খাতে সুশাসন আনার জন্য কিছু নীতিমালা করছে। এর আগে তারা পরিচালানা পর্ষদের গঠন কেমন হবে তা নিয়েও একটা প্রজ্ঞাপন জারি করেছে। এখন এমডি নিয়োগের ব্যাপারে একটা নীতিমালা করলো। এমডি নিয়োগের নীতিমালাকে আমি ভালোই বলবো। বাংলাদেশ ব্যাংক একটি কমিটির মাধ্যমে তাদের মৌখিক পরীক্ষা নেয়ার যে বিধান করেছে তাতে এখন থেকে আর লুকিয়ে লুকিয়ে এমডি নিয়োগ দেয়া যাবে না। এর আগে আমরা দেখেছি শিক্ষাগত যোগ্যতাসহ আরো অনেক বিষয় গোপন রাখা হয়েছে এমডি নিয়োগের ক্ষেত্রে।' তবে তিনি মনে করেন, 'ব্যাংক খাতের সুশাসন নির্ভর করে বাস্তবায়নের ওপর। যেসব নতুন নীতি করেছে তা কতটা বাস্তবায়ন করা যাবে তার ওপর। বাংলাদেশ ব্যাংকের কমিটি কতটা রাজনৈতিক প্রভাবমুক্ত থাকবে সেটাও দেখার আছে।'

আরেকটি বিষয় হলো, 'ব্যাংকের পরিচালনা পর্ষদ। এখন একই পরিবারের তিনজনসহ তাদের পাঁচজন পরিচালনা পর্যদে নিয়োগ দেয়ার সুযোগ আছে। তিনজন একই পরিবারের আর দুইজন তাদের প্রতিষ্ঠানের। ফলে তারা পরিচালনা পর্ষদে

প্রভাব বিস্তার করতে পারেন। পরিচালনা পর্ষদই ব্যাংকের মূল সিদ্ধান্ত গ্রহণকারী,' বলেন তিনি। তার কথা, 'অনেক সময় একজন পরিচালকই তো অনেক কিছু করে ফেলেন তার প্রভাবের কারণে। সেখানে পাঁচ জন হলে তো কথাই নেই। এখানে রাজনৈতিক সদিচ্ছা এবং বাংলাদেশ ব্যাংকের সঠিকভাবে দায়িত্ব পালনের চেষ্টা ছাড়া সুশাসন সম্ভব নয়। গত ১০ ফেব্রুয়ারি ব্যাংকের পরিচালনা পর্ষদের সদস্য বা পরিচালক হওয়ার নীতিমালা জারি করে বাংলাদেশ ব্যাংক। পরিচালক হওয়ার সর্বনিম্ন বয়স করা হয় ৩০ বছর। আগে ২২ বছর বয়সেও ব্যাংকের পরিচালক হওয়ার উদাহরণ আছে। এছাড়া ব্যবসা বা আর্থিক প্রতিষ্ঠানে ১০ বছরের অভিজ্ঞতা থাকা এবং ১৮ বছর বয়স হওয়ার আগে কোনো অভিজ্ঞতা বিবেচনায় না নেয়া, কর খেলাপি, ঋণ খেলাপি না হওয়া, আর্থিক অপরাধে দণ্ডিত না হওয়া, এই বিষয়গুলো আছে। কিন্তু যেটা নিয়ে সবচেয়ে বেশি আপত্তি, সেই একই পরিবার ও প্রতিষ্ঠানের মোট পাঁচজন পরিচালক হওয়ার বিধান বহাল আছে। বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর ড. সালেহ উদ্দিন আহমেদ মনে করেন, 'ব্যাংকের সুশাসনের বড় অন্তরায় হলো পরিচালনা পর্ষদ। সেখানে আগে সংস্কার প্রয়োজন। এমডি নিয়োগে বাংলাদেশ ব্যাংকের অনুমোদনের বিষয়টি ঠিক আছে। তারা পরীক্ষা নেবে, সেটা হলে তাদের সার্টিফিকেট, অভিজ্ঞতা এগুলো চেক করবে। তারা এমডিকে একটা কমফোর্ট জোনে রাখতে চায়। এই বিষয়গুলো ভালো। কিন্তু মূল সমস্যা তো পরিচালনা পর্ষদে।'

তিনি মনে করেন, 'আগে পরিচালনা পর্ষদের বিষয় ঠিক করতে হবে। সেটা না করে এগুলো খুব বেশি কাজে আসবে বলেন মনে হয় না। পরিচালনা পর্ষদের কাছে তারা তো অসহায়। এমডিরা চাইলেও তাদের সিদ্ধান্তের বাইরে গিয়ে কিছু করতে পারবেন না।' বাংলাদেশ ব্যাংক এমডিদের মেয়াদ তিন বছর করলেও অনেক ব্যাংকে পাঁচ বছর মেয়াদে এরই মধ্যে এমডি নিয়োগ করা হয়েছে। তাদের ব্যাপারে নতুন কোনো সিদ্ধান্ত বা নিয়োগ রিভিউ করা হবে কিনা জানতে চাইলে বাংলাদেশ ব্যাংকের মুখপাত্র ও নির্বাহী পরিচালক মেজবাউল হক বলেন, 'যারা এখন এমডি হিসেবে নিযুক্ত আছেন, তাদের ব্যাপারে নতুন নিয়ম কার্যকর হবে না। তবে নতুন নিয়োগ এবং যখন নিয়োগ নবায়ন হবে, তখন নতুন নীতি কার্যকর হবে। নিয়োগ নবায়ন বা পুনর্নিয়োগ নতুন নিয়োগ হিসেবেই বিবেচনা করা হয়।' আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, 'পরিচালনা পর্ষদে একই পরিবার ও তাদের প্রতিষ্ঠানের সর্বোচ্চ পাঁচজন নিযুক্ত হওয়ার নিয়ম বহাল থাকলেও আমরা নিয়ম করে দিয়েছি কত অংশ শেয়ার থাকলে কতজন পরিচালক হতে পারবেন।' তার কথা, 'ব্যাংক ও আর্থিক খাতে আমরা সংস্কার শুরু করেছি। এটা অব্যাহত থাকবে।' প্রসঙ্গত, দুর্বল ব্যাংকগুলোকে সবল ব্যাংকের সঙ্গে একীভূত করার প্রক্রিয়াও শুরু করেছে বাংলাদেশ ব্যাংক। তবে এজন্য দুর্বল ব্যাংকগুলো তাদের অবস্থার উন্নয়নে পাঁচ বছর সময় পাচ্ছে। (ডয়েচে ভেলে ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## রেডিও টুডে

### গাজীপুরের টঙ্গী বাজারে একটি মার্কেটে আগুন লাগার ঘটনা ঘটেছে

গাজীপুরের টঙ্গী বাজারে একটি মার্কেটে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। পরে ফায়ার সার্ভিসের ৬ ইউনিটের দেড় ঘন্টার চেষ্টায় আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে। আগুনে পুড়ে গেছে ওই মার্কেটের বেশ কয়েকটি গুদাম। টঙ্গী ফায়ার সার্ভিস এর স্টেশন অফিসার আবু মোহাম্মদ সাজেদুল কবীর জোয়ারদার বলেন বুধবার সকাল পৌনে ছয়টার দিকে আগুন লাগার খবর পান তারা। পরে ছয়টি ইউনিট আগুন নিয়ন্ত্রণে কাজ করে। ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্রে জানা গেছে সকালে টঙ্গী বাজারের মিতালী মেনসনে আগুন লাগে। এ সময় ধোঁয়া দেখতে পেয়ে প্রথমে স্থানীয়রা আগুন নেভানোর চেষ্টা করে। আগুন নিয়ন্ত্রণে ব্যর্থ হলে খবর দেয়া হয় ফায়ার সার্ভিসে। (রেডিও টুডে: ৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ রুবাইয়া)

### ৫ দফা দাবিতে সিলেট জেলায় আজ থেকে অনির্দিষ্টকালের জন্য পরিবহন ধর্মঘট শুরু

গ্যাস সংকট নিরসনসহ ৫ দফা দাবিতে সিলেট জেলায় আজ বুধবার সকাল থেকে অনির্দিষ্টকালের জন্য পরিবহন ধর্মঘট পালন করছেন পরিবহন শ্রমিকরা। সিলেট জেলা সড়ক পরিবহন শ্রমিক ইউনিয়ন গত রোববার এই ধর্মঘটের ডাক দিয়েছিল। আজ ভোর ছয়টা থেকে পরিবহন ধর্মঘটের মধ্যে সিলেট জেলার আঞ্চলিক ও জাতীয় মহাসড়কে কোন যানবাহন চলাচল করতে দিচ্ছেন না শ্রমিকরা। এতে ভোগান্তিতে পড়েছেন সাধারণ যাত্রীরা। সিলেট জেলা সড়ক পরিবহন ঐক্য পরিষদের সভাপতি মইনুল ইসলাম গণমাধ্যমকে জানান সিলেটের সিএনজি রিফুয়েলিং স্টেশনগুলোতে প্রতি মাসে ২০ থেকে ২২ তারিখ গ্যাস সংকট দেখা দেয়। আমাদের বলা হয় মাসিক গ্যাস সরবরাহের লিমিট বন্ধ হয়ে গেছে। এই অবস্থায় গ্যাস সংকটে ভোগান্তিতে পড়েন পরিবহন শ্রমিকরা। তিনি বলেন ২০২১ সালে পরিবহন শ্রমিকদের বিরুদ্ধে দায়ের করা একটি মামলার রাজনৈতিক মামলায় গ্রেপ্তার নেতাকর্মীদের জামিন ইত্যাদিসহ পাঁচ দফা দাবিতে আমরা এ ধর্মঘট পালন করছি। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০২.২০২৪ রুবাইয়া)

### জাতীয় সংসদে সংরক্ষিত ৫০টি নারী আসনের সদস্যদের শপথ গ্রহণ অনুষ্ঠিত হবে আজ

জাতীয় সংসদের সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ জন সংসদ সদস্যদের শপথ গ্রহণ আজ অনুষ্ঠিত হবে। বুধবার বিকেল তিনটায় সংসদ ভবনের নিচতলায় শপথ কক্ষে তাদের শপথ বাক্য পাঠ করাবেন জাতীয় সংসদের স্পিকার ডঃ শিরীন শারমিন চৌধুরী। প্রথমে সরকারি দল আওয়ামী লীগ মনোনীত ৪৮ জন ও পরে বিরোধীদল জাতীয় পার্টি মনোনীত দুজন সংসদ সদস্য শপথ নিবেন। শপথ গ্রহণ শেষে তারা শপথ বইয়ে সই করবেন। এরপর বিকেল পৌনে

পাঁচটায় তারা সংসদ অধিবেশনে যোগ দেবেন বলে জানা গেছে। সংরক্ষিত নারী আসনে সংসদ সদস্যরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। মঙ্গলবার নির্বাচনের ফলাফলের গেজেট প্রকাশ করা হয়।
(রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০২.২০২৪ রুবাইয়া)

## ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনের সকল কার্যক্রম ডিজিটাল প্রক্রিয়ায় চলছে : ইসি আলমগীর

এনালগ পদ্ধতি বাতিল করে প্রার্থীদের নমিনেশন পেপার সাবমিটসহ নির্বাচনের সকল কার্যক্রম ডিজিটাল করার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার মোঃ আলমগীর। বুধবার দুপুরে ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা স্থানীয় প্রশাসনসহ সংশ্লিষ্ঠদের সঙ্গে জেলা প্রশাসক কার্যালয়ে মতবিনিময় শেষে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি। ইসি আলমগীর বলেন নির্বাচন নিরপেক্ষ হবে কোথাও কোন অনিয়মের সুযোগ নেই। অভিযোগ পেলে সঙ্গে সঙ্গে ব্যবস্থা নেয়া হবে। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০২.২০২৪ রুবাইয়া)

## নোয়াখালীর ভাসানচর রোহিঙ্গা ক্যাম্পে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ আরো এক শিশুর মৃত্যু

নোয়াখালীর হাতিয়া উপজেলার ভাসানচর রোহিঙ্গা ক্যাম্পে গ্যাস সিলিন্ডার বিস্ফোরণে দগ্ধ আরো এক শিশুর মৃত্যু হয়েছে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে। এ নিয়ে সিলিন্ডার বিস্ফোরণে চার শিশুর মৃত্যু হলো। বুধবার সকালে হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়। নিহত শিশুর নাম সোহেল। সে ক্যাম্পের আজিজুল হকের ছেলে। বিষয়টি নিশ্চিত করেছেন হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার জেনারেল শামীম আহসান। এর আগে শিশু রাসেল, মোবাশশেরা ও রবিউলের মৃত্যু হয়। (রেডিও টুডে: ১৩৪৫ ঘ. ২৮.০২.২০২৪ রুবাইয়া)

## পবিত্র রমজান মাস উপলক্ষে অফিসের সময়সূচি নির্ধারণ করে দিয়েছে সরকার

পবিত্র রমজান মাসে সরকারি-আধা সরকারি , স্বায়ত্তশাসিত ও আধা স্বায়ত্ত শাসিত প্রতিষ্ঠানে অফিস চলবে সকাল ৯ টা থেকে বিকাল সাড়ে তিনটা পর্যন্ত। আর জোহরের নামাজের জন্য বেলা সোয়া একটা থেকে দেড়টা পর্যন্ত বিরতি থাকবে। বুধবার প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভার বৈঠকে এই সময় সুচি নির্ধারণ করা হয়। বৈঠকে সভাপতি করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পরে সচিবালয়ে ওই বৈঠকের বিষয়ে বিস্তারিত জানান মন্ত্রী পরিষদ সচিব মাহবুব হোসেন। তিনি বলেন পবিত্র রমজান মাসে ব্যাংকসহ আর্থিক প্রতিষ্ঠান এবং জরুরি সেবা সংশ্লিষ্ট অফিস চলবে নিজেদের বিধি অনুযায়ী। মন্ত্রিপরিষদ সচিব আরো জানান আসন্ন রমজানে সরকারিভাবে বড় ধরনের ইফতার পার্টি আয়োজন না করা নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে বেসরকারিভাবেও এ ধরনের ইফতার পার্টি আয়োজনকে নিরূৎসাহিত করার কথা বলেছেন তিনি। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

## শপথ নিলেন সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যরা

সংরক্ষিত নারী আসনে নির্বাচিত সংসদ সদস্যরা শপথ গ্রহণ করেছেন। বুধবার বিকেল সাড়ে ৩টায় জাতীয় সংসদ ভবনের শপথ কক্ষে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তাদের শপথ বাক্য পাঠ করান। এ সময় সংসদ নেতা প্রধানমন্ত্রী শেখ হাসিনা, সংসদ উপনেতা বেগম মতিয়া চৌধুরী সহ বেশ কয়েকজন সংসদ সদস্য উপস্থিত ছিলেন। প্রথমে আওয়ামী লীগের ৪৮ জন সংসদ সদস্যকে শপথ বাক্য পাঠ করান স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। পরে জাতীয় পার্টির দুজন সংসদ সদস্যকে শপথ বাক্য পাঠ করান স্পিকার। এই শপথ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জাতীয় সংসদের সিনিয়র সচিব কে এম আব্দুস সালাম। শপথ গ্রহণ শেষে নারী সংসদ সদস্যরা শপথ বইয়ে সই করেন। সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন মঙ্গলবার নির্বাচনের ফলাফলের গেজেট প্রকাশ করা হয়। (রেডিও টুডে :১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

## গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ সমাবেশে পুলিশের লাঠিপেটা, পাঁচজন আহত

বিদ্যুৎ, জ্বালানি ও নিত্যপণ্যের মূল্য বৃদ্ধি, ব্যাংক লোপাট এবং বিদেশে টাকা পাচারের প্রতিবাদে গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ সমাবেশ ও সচিবালয় অভিমুখে মিছিলে বাধা দিয়েছে পুলিশ। এ সময় পুলিশের লাঠিচার্জে গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকিসহ অন্তত পাঁচজন আহত হয়েছেন। আজ বুধবার জাতীয় প্রেস ক্লাবের সামনে সমাবেশ করে গণতন্ত্র মঞ্চ। সমাবেশ শেষে সচিবালয় অভিমুখে বিক্ষোভ মিছিল নিয়ে গুলিস্থানের জিরো পয়েন্টে পৌঁছালে পুলিশের ব্যারিকেডের মুখে পড়ে তারা। এ সময় নেতাকর্মীরা ব্যারিকেড ভাঙতে চাইলে পুলিশ বাধা দেয়। এ সময় লাঠি পেটা শুরু করে পুলিশ। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

## অজানা এক আতঙ্কে ভুগছে সরকার : রিজভী

অজানা এক আতঙ্কে সরকার আবারও গ্রেফতার নির্যাতন শুরু করেছে বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। বুধবার নয়া পল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে সদ্য কারামুক্ত কৃষকদলের যুগ্ম সম্পাদক কৃষিবিদ মেহেদী হাসান পলাশ সহ কারামুক্ত নেতাকর্মীরা দেখা করতে গেলে তিনি এ কথা বলেন। রিজভী বলেন শেখ হাসিনার কারাগার ছিল বিষাক্ত গ্যাস চেম্বারের মত। সেখানে একজন মানুষের বেঁচে থাকার ন্যূনতম যে অধিকার সেটা শেখ হাসিনা দেয়নি। তীব্র শীতের মধ্যেও তাদেরকে একটি করে কম্বল দেয়া হয়নি। বালু মেশানো ভাত খেতে দিয়েছে। এ সময় তিনি অভিযোগ করেন বিএনপির নেতা কর্মীদের কারা সেলে ২৪ ঘন্টা বন্দী করে লকআপে রেখে

নির্যাতন করা হয়েছে। কৃষকদলের পলাশ কিছুদিন আগে বের হয়েছে তার উপরও ভীষণভাবে নিপীড়ন- নির্যাতন করা হয়েছে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

**পণ্য পরিবহনে চাঁদাবাজি বন্ধে ব্যবস্থা নেওয়া হবে : এফবিসিসিআই সভাপতি**

পণ্য পরিবহনে চাঁদাবাজি বন্ধে ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআইয়ের সভাপতি মাহবুবুল আলম। তিনি ব্যবসায়ীদের উদ্দেশে বলেছেন, পণ্য পরিবহন কিংবা ওঠানো-নামানোর সময় কোথাও চাঁদাবাজি হলে জানাবেন। এফবিসিসিআইয়ের হটলাইন কিংবা ডেস্ক থাকবে। চাঁদাবাজদের বিরুদ্ধে আমরা সোচ্চার থাকব। কাউকে ছাড় দেব না। দরকার হলে সরকারের উচ্চপর্যায়ের সঙ্গে কথা বলে সমস্যার সমাধান করব। এফবিসিসিআই আয়োজিত রমজানে নিত্য পণ্যের উৎপাদন, আমদানি, মজুদ সরবরাহ ও মূল্য পরিস্থিতি নিয়ে মতবিনিময় সভায় এসব কথা বলেন সংগঠনের সভাপতি মাহবুবুল আলম। রাজধানীর মতিঝিলে এফবিসিসিআই আইকন ভবনে বুধবার আয়োজিত সভায় বড় ভোগ্য পণ্য, কোম্পানির প্রতিনিধি, পাইকারি ও খুচরা ব্যবসায়ী, ঢাকার বিভিন্ন বাজার কমিটির নেতা, বাংলাদেশ ব্যাংক, প্রতিযোগিতা কমিশন সহ সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা উপস্থিত ছিলেন। মাহবুবুল আলম বলেন রমজানে পণ্যোর সরবরাহ ঠিক রাখা সবচেয়ে গুরুত্বপূর্ণ। কোথাও যেন কৃত্রিম সংকট তৈরি না হয় সেজন্য বিভিন্ন বাণিজ্য সংগঠন ও বাজার কমিটি নেতাদের দায়িত্ব নিতে হবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

**পুলিশ সদস্যদের মাদক সংশ্লিষ্টতার বিষয়ে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করলেন আইজিপি**

পুলিশ সদস্যদের মাদক সংশ্লিষ্ট বিষয়ে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন পুলিশের মহা পরিদর্শক চৌধুরী আব্দুল্লাহ আল মামুন পুলিশ বুধবার পুলিশ সপ্তাহের দ্বিতীয় দিনে রাজধানী রাজারবাগ পুলিশ লাইনে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এমন হুঁশিয়ারি দেন। আইজিপি বলেন আমাদের কোন সদস্য যদি মাদকের সাথে জড়িত থাকে তাহলে সাধারণ মানুষের চেয়েও বেশি ব্যবস্থা নেয়া হয় সাধারণ মানুষের সঙ্গে মাদকের সংশ্লিষ্টতা থাকলে শুধু মামলা দেয়া হয় আর পুলিশ সদস্যদের শুধু মাদক খাওয়ার প্রমাণ মিলে চাকরি থাকবে না, চাকরিও যাবে সঙ্গে মামলাও হবে। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

**বরখাস্ত হওয়া ডিআইজি মিজানুর রহমানের সাজা বহাল রেখেছেন হাইকোর্ট**

জ্ঞাত আয় বহির্ভূত সম্পদ অর্জনের মামলায় বরখাস্ত হওয়া পুলিশের ডিআইজি মিজানুর রহমানের ১৪ বছরের কারাদণ্ড বহাল রেখেছেন হাইকোর্ট। বিচারিক আদালতের সাজার রায়ের বিরুদ্ধে মিজানুরের আপিল হাইকোর্ট খারিজ করে দিয়েছেন। বিচারপতি মোহাম্মদ কামরুল হোসেন মোল্লার একক হাইকোর্ট বেঞ্চ বুধবার এই রায় দেন। মামলাটিতে গত বছরের একুশে জুন রায় দেন ঢাকার বিশেষ জজ আদালত-৬। রায়ে সম্পদের তথ্য গোপন, বহির্ভূত সম্পদ অর্জন ও মানি লন্ডারিংয়ের জন্য মিজানুরকে যথাক্রমে তিন বছর, ছয় বছর ও পাঁচ বছরের কারাদণ্ড দেয়া হয়। সবমিলিয়ে কারাদণ্ড হয় ১৪ বছরের। তবে সব সাজা একসঙ্গে চলবে বলে রায়ে উল্লেখ করা হয়।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

**ভিকারুন্নেসা নুন স্কুল এন্ড কলেজের ১ম শ্রেণীর ১৬৯ শিক্ষার্থীর ভর্তি বাতিলের সিদ্ধান্ত নিয়েছে মাউশি**

বয়স সীমা লঙ্ঘন করে ভর্তি করায় ভিকারুন্নেসা নুন স্কুল এন্ড কলেজের প্রথম শ্রেণীর ১৬৯ শিক্ষার্থীর ভর্তি বাতিলের সিদ্ধান্ত নিয়েছে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা অধিদপ্তর মাউশি। এই সিদ্ধান্ত জানিয়ে বুধবার হাইকোর্টে একটি প্রতিবেদন দাখিল করেছে মাউশি। এই ১৬৯ শিক্ষার্থী ভিকারুন্নেসা নুন স্কুলের বিভিন্ন শাখায় ভর্তি চ্যালেঞ্জ করে ভর্তিচ্ছু অপর দুই শিক্ষার্থীর অভিভাবক রিট আবেদন করেছিলেন। আবেদনের পরিপ্রেক্ষিতে মাউশির পক্ষে আজ ডেপুটি অ্যাটর্নি জেনারেল কাজী মইনুল হাসান বিচারপতি জেবিএম হাসান ও বিচারপতি রাজিক আল জলিলের হাইকোর্ট বেঞ্চে এ প্রতিবেদন দাখিল করেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ২৮.০২.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**সরকারিভাবে বড় ইফতার পার্টি না করার নির্দেশ প্রধানমন্ত্রীর**

আসন্ন রমজানে সরকারিভাবে বড় ধরনের ইফতার পার্টি আয়োজন না করার নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। একই সঙ্গে বেসরকারিভাবেও এ ধরনের ইফতার পার্টি আয়োজনকে নিরুৎসাহিত করার কথা বলেছেন তিনি। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি মন্ত্রিসভা বৈঠকে প্রধানমন্ত্রী এ নির্দেশনা দেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ে মন্ত্রিসভা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব মোঃ মাহবুব হোসেন সাংবাদিকদের প্রধানমন্ত্রীর এ নির্দেশনার কথা জানান। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১২ বা ১৩ মার্চ থেকে মুসলমানদের সিয়াম সাধনার মাস রমজান শুরু হবে। মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'প্রধানমন্ত্রীর তরফ থেকে নির্দেশনা আছে রমজান মাসে সরকারিভাবে বড় ধরনের ইফতার পার্টি নামক কোনো বিষয় উদযাপন করা যাবে না। তিনি এ বিষয়ে সবাইকে সতর্ক করেছেন। তিনি বলেন, বেসরকারিভাবে ইফতার পার্টি না করতে নিরুৎসাহিত করা হয়েছে।' প্রধানমন্ত্রী বলেছেন, 'কারো যদি এ ধরনের অনুষ্ঠান করার ইচ্ছা থাকে তাহলে যেন সেই অর্থে খাদ্য কিনে গরিব মানুষদের মধ্যে বিতরণ করা হয়।' প্রধানমন্ত্রী বড় পরিসরে ইফতার পার্টি না করার নির্দেশনা কেন দিয়েছেন, জানতে চাইলে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'ইফতার পার্টি করারই বা কারণ কী, এটি কি বলতে পারেন?' এরপর সাংবাদিকরা মন্ত্রিপরিষদ সচিবকে জানান, এর আগে করা হয়েছে, অনেকে

ধর্মীয়ভাবেও এটি পালন করেন। তখন মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'এটি কখনোই ধর্মীয় ইস্যু নয়, আমরা তো পার্টি করছি।'

মাহবুব হোসেন সাংবাদিকদের আরো বলেন, 'আপনাদের বুঝতে হবে আমরা যেন অপচয় না করি। আমরা যেন লোক দেখানো কার্যক্রমে নিজেদের নিয়োজিত না করি। তার বদলে ওই টাকাটা যদি আপনি কারো কল্যাণে ব্যবহার করতে চান, গরিব মানুষ যাদের টার্গেট করলেন তাদের আপনি বিলিয়ে দিতে পারেন। আমি-আপনি বসে খেলাম, ওখানে অনেক খাদ্যের অপচয় হলো, অর্থের অপচয় হলো এটার তো ধর্মীয় দিক থেকেও যুক্তি থাকতে পারে না।' প্রধানমন্ত্রী এবার ইফতারের আয়োজন করবেন কি না, এ প্রশ্নে মন্ত্রিপরিষদ সচিব বলেন, 'এটা তো আমি বলতে পারবো না।' এদিকে মন্ত্রিসভার বৈঠকে অন্য বছরগুলোর মতো এবারো রমজান মাসে সরকারি প্রতিষ্ঠানে অফিসের সময় নির্ধারণ করা হয়েছে সকাল ৯টা থেকে বিকেল সাড়ে ৩টা পর্যন্ত। মন্ত্রিপরিষদ সচিব সাংবাদিকদের জানান, 'রমজানে দুপুর সোয়া ১টা থেকে দেড়টা পর্যন্ত জোহরের নামাজের বিরতি থাকবে। সাপ্তাহিক ছুটি যথারীতি শুক্র ও শনিবার।' তবে ব্যাংক, বিমা, আর্থিক প্রতিষ্ঠান, ডাক, রেলওয়ে, হাসপাতাল ও রাষ্ট্রায়ত্ত শিল্পপ্রতিষ্ঠান, কলকারখানা এবং অন্য জরুরি সেবাদানকারী প্রতিষ্ঠান এ সময়সূচির আওতার বাইরে থাকবে। এসব প্রতিষ্ঠান তাদের নিজস্ব আইন অনুযায়ী জনস্বার্থ বিবেচনা করে সময়সূচি নির্ধারণ ও অনুসরণ করবে। এছাড়া সুপ্রিম কোর্ট ও এর আওতাধীন সব কোর্টের সময়সূচি সুপ্রিম কোর্ট নির্ধারণ করবে বলেও জানিয়েছেন মন্ত্রিপরিষদ সচিব। (জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## শপথ নিলেন আওয়ামী লীগের সংরক্ষিত আসনের সংসদ সদস্যরা

সংরক্ষিত নারী আসনে নির্বাচিত ৫০ সংসদ সদস্যের মধ্যে সরকারি দল আওয়ামী লীগের ৪৮ জন শপথ নিয়েছেন। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি বিকেল সাড়ে ৩টায় জাতীয় সংসদ ভবনের নিচতলায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী তাদের শপথ বাক্য পাঠ করান। এসময় উপস্থিত ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। শপথ গ্রহণ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জাতীয় সংসদের সিনিয়র সচিব কে এম আব্দুস সালাম। পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। শপথ গ্রহণ শেষে নারী সংসদ সদস্যরা শপথ বইয়ে সই করেন। বিকেল পৌনে ৫টায় সংসদ অধিবেশনে যোগ দেবেন তারা। সংরক্ষিত নারী আসনের সংসদ সদস্যরা বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত হন। রোববার মনোনয়ন প্রত্যাহারের শেষ দিন কোনো প্রার্থীই মনোনয়নপত্র প্রত্যাহার না করায় নির্বাচন কমিশন সবাইকে বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত ঘোষণা করে। এরপর মঙ্গলবার নির্বাচনী ফলাফলের গেজেট প্রকাশ করা হয়। গেজেটের কপি নির্বাচন কমিশন সচিবালয় থেকে জাতীয় সংসদ সচিবালয়ে পাঠানো হয়।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## কোনো কেন্দ্রে অনিয়ম হলে ওই কেন্দ্রের ভোট গ্রহণ বন্ধ করে দেওয়া হবে : ইসি আলমগীর

ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে কোনো কেন্দ্রে অনিয়ম হলে ওই কেন্দ্রের ভোট গ্রহণ তাৎক্ষণিকভাবে বন্ধ করে দেওয়া হবে বলে জানিয়েছেন নির্বাচন কমিশনার, ইসি মোহাম্মদ আলমগীর। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি সকালে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে রিটার্নিং অফিসার, আইনশৃঙ্খলা বাহিনী ও নির্বাচন সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি একথা বলেন। ইসি আলমগীর বলেন, 'স্থানীয় সরকার নির্বাচনের বিধিমালা পরিবর্তনের চেষ্টা করা হচ্ছে। প্রার্থীদের ডিজিটাল প্ল্যাটফর্ম ব্যবহারের জন্য উৎসাহিত করা হচ্ছে। আগামীতে এনালগ পদ্ধতি বাতিল করে প্রার্থীদের নমিনেশন পেপার সাবমিটসহ নির্বাচনের সব কার্যক্রম ডিজিটাল করতে আইন প্রণয়ন করা হবে।' পরে টাউন হল তারেক স্মৃতি অডিটোরিয়ামে সিটি কর্পোরেশন নির্বাচনে অংশগ্রহণকারী মেয়র ও কাউন্সিলর প্রার্থীদের সঙ্গে মত বিনিময় করেন নির্বাচন কমিশনার মোহাম্মদ আলমগীর। এসময় তিনি প্রার্থীদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন। প্রার্থীদের অভিযোগ প্রসঙ্গে নির্বাচন কমিশনার বলেন, 'ইভিএমে অনিয়ম একেবারেই অসম্ভব, এটা বিজ্ঞানের বিষয়। এতে একজনের ভোট আরেকজনের প্রতীকে চলে যাওয়ার কোনো সুযোগ নেই। যদি তাই হতো তাহলে বিগত নির্বাচনগুলোতে জাতীয় পার্টিসহ অন্য প্রার্থীরা বিজয়ী হতেন না।' মত বিনিময় সভায় বিভাগীয় কমিশনার উম্মে সালমা তানজিয়ার সভাপতিত্বে আরো উপস্থিত ছিলেন জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী, অতিরিক্ত পুলিশ সুপার মোঃ রায়হানুল ইসলাম-সহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। ময়মনসিংহ সিটি কর্পোরেশন নির্বাচনে মোট ভোটার সংখ্যা তিন লাখ ৩৬ হাজার ৪৯৬ জন। এরমধ্যে এক লাখ ৬৩ হাজার ৮৩২ পুরুষ ও এক লাখ ৭২ হাজার ৬৫৫ নারী। এছাড়া তৃতীয় লিঙ্গের ভোটার ৯ জন। আগামী ৯ মার্চ ইলেকট্রনিক ভোটিং মেশিন, ইভিএমে নগরীর ১২৮টি ভোট কেন্দ্রে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচনে মেয়র পদে পাঁচ প্রার্থী ছাড়াও নগরের ৩৩টি ওয়ার্ডে সাধারণ কাউন্সিলর পদে ১৪৯ এবং ১১টি সংরক্ষিত নারী কাউন্সিলর পদে প্রার্থী আছেন ৬৯ জন। তবে নগরীর ১১ নম্বর ওয়ার্ডে বিনা প্রতিদ্বন্দ্বিতায় কাউন্সিলর নির্বাচিত হওয়ায় কাউন্সিলর পদে ৩২টি ওয়ার্ডে নির্বাচন অনুষ্ঠিত হবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## পুলিশের হাতে মাদক দেখলেই চাকরি থাকবে না : আইজিপি

পুলিশ সদস্যদের মাদক সংশ্লিষ্টতার বিষয়ে কঠোর হুঁশিয়ারি উচ্চারণ করেছেন পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি দুপুরে পুলিশ সপ্তাহের দ্বিতীয় দিনে রাজধানীর রাজারবাগ পুলিশ লাইন্সের প্যারেড গ্র্যাউন্ডে 'আইজিপি'স এক্সেমপ্লারি গুড সার্ভিসেস ব্যাজ ও বিভিন্ন ক্যাটাগরিতে বিজয়ী ইউনিটদের

পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি প্রধান অতিথির বক্তব্যে এমন হুঁশিয়ারি দেন। আইজিপি বলেন, 'আমাদের কোনো সদস্য যদি মাদকের সঙ্গে জড়িত থাকে তাহলে সাধারণ মানুষের চেয়েও বেশি ব্যবস্থা নেওয়া হয়। সাধারণ মানুষের সঙ্গে মাদকের সংশ্লিষ্টতা থাকলে শুধু মামলা দেওয়া হয়। আর পুলিশ সদস্যদের শুধু মাদক খাওয়ার প্রমাণ মিললে চাকরি থাকবে না। চাকরিও যাবে সঙ্গে মামলাও হবে। পুলিশ সদস্যদের হাতে মাদক থাকলেই চাকরি থাকবে না।' তিনি বলেন, 'নিয়োগের সময় আমরা প্রতিটি সদস্যকে ডোপ টেস্টের মাধ্যমে নিয়োগ দিয়ে থাকি। যারা মাদকাসক্ত তাদেরকে সতর্ক করে দিচ্ছি, মাদকাসক্ত হলে পুলিশে কেউ চাকরি পাবে না।' পুলিশ প্রধান আরো বলেন, 'মাদক ও দুর্নীতি সমাজের নীরব ঘাতক। মাদক বিরোধী অভিযানে বাংলাদেশ পুলিশ জয়ী হবে। জঙ্গি-সন্ত্রাস যেভাবে নিয়ন্ত্রণে এনেছে সেভাবে মাদক নিয়ন্ত্রণেও সফল হতে হবে। এ বিষয়ে এগিয়ে আসার আহ্বান জানাচ্ছি। জঙ্গি-মাদক ও দুর্নীতির বিরুদ্ধে আমাদের শূন্য সহিষ্ণুতা নীতি রয়েছে। যে কোনো ঘটনা ঘটলে দ্রুত আমরা অপরাধীদের আইনের আওতায় নিয়ে আসছি।'

স্মার্ট বাংলাদেশের উপযুক্ত পুলিশ গড়ে তুলতে কাজ করার কথা জানিয়ে আইজিপি বলেন, 'পুলিশকে জনবান্ধব বাহিনী হিসেবে প্রতিষ্ঠিত করতে আমরা কাজ করছি। থানাকে প্রতিটি মানুষের আস্থা ও ভরসার কেন্দ্র হিসেবে প্রতিষ্ঠা করতে চাই। যাতে সবাই নির্ভয়ে থানায় আসতে পারেন সেই নির্দেশনা দেওয়া হয়েছে এবং প্রতিনিয়ত মনিটরিং করা হচ্ছে।' তিনি বলেন, 'বেশিরভাগ থানাতেই সিসিটিভি স্থাপন করা হয়েছে যা রেঞ্জ ডিআইজি অফিস থেকে মনিটরিং করা হচ্ছে। পুলিশের প্রত্যেকটি সদস্য সেবা দিতে দৃঢ় প্রতিজ্ঞ। যে কোনো পরিস্থিতিতে নিজের জীবন দিয়ে পুলিশ সদস্যরা সেটি প্রমাণ করে।' পুলিশ প্রধান আরো বলেন, 'পুলিশের নিয়োগ ও পদোন্নতিতে স্বচ্ছতা সর্বক্ষেত্রে প্রশংশিত হচ্ছে। আমরা নিয়োগ প্রক্রিয়ার অধিকাংশ কাজ স্মার্ট পদ্ধতিতে সম্পন্ন করছি। ঘরে বসে আবেদন করতে পারছে, কোথায় পরীক্ষা সেটা জানতে পারছে, ফলাফলও ঘরে বসে পেয়ে যাচ্ছে। এরমধ্যে কোন দালাল বা ফরিয়া নেই। দেশবাসী এর সুফল ভোগ করছে।'

চৌধুরী আবদুল্লাহ আল-মামুন বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা তথা প্রধানমন্ত্রীর স্মার্ট বাংলাদেশে মাদক, জঙ্গি ও সন্ত্রাসবাদের কোনো স্থান নেই।' পুলিশ সদস্যদের উদ্দেশ্যে তিনি বলেন, 'আপনাদের প্রযুক্তিনির্ভর, গণমুখী, সেবামুখী, জনবান্ধব তথা নারী ও শিশুবান্ধব বাহিনী হিসেবে প্রতিষ্ঠিত হতে হবে। অতিরিক্ত আইজিপি, প্রশাসন ও প্যারেড উপকমিটির সভাপতি মোঃ কামরুল আহসান অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন। এ সময় উর্ধ্বতন পুলিশ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বাংলাদেশ পুলিশে কৃতিত্বপূর্ণ অবদানের জন্য এবার ৪৮৮ জন পুলিশ সদস্যকে পুলিশ ফোর্স এক্সেমপ্লারি গুড সার্ভিস ব্যাজ-২০২৩ প্রদান করা হয়। আইজিপি তাদের ব্যাজ পরিয়ে দেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## সচিবালয় অভিমুখে গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ মিছিলে পুলিশের লাঠিপেটা

দ্রব্যমূল্যের উর্ধ্বগতি, ব্যাংক লোপাট ও অর্থপাচারের প্রতিবাদে সচিবালয় অভিমুখে গণতন্ত্র মঞ্চের বিক্ষোভ মিছিলে পুলিশ লাঠিপেটা করেছে বলে অভিযোগ করা হয়েছে। এতে অন্তত ৫০ জন আহত হয়েছেন বলেও গণতন্ত্র মঞ্চের পক্ষ থেকে অভিযোগ করা হয়। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি দুপুরে এ ঘটনা ঘটে। গণতন্ত্র মঞ্চের অন্যতম নেতা বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক বিষয়টি নিশ্চিত করেন। তিনি জানান, 'গুলিস্তান জিরো পয়েন্টের কাছে পুলিশ তাদের লাঠিপেটা করে। এতে গণতন্ত্র মঞ্চের সমন্বয়ক ও গণসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়কারী জোনায়েদ সাকি-সহ অন্তত ৫০ জন আহত হয়েছেন।' পূর্ব ঘোষণা অনুযায়ী মঞ্চের নেতা-কর্মীরা এদিন দুপুরে জাতীয় প্রেস ক্লাবে সংক্ষিপ্ত সমাবেশ করেন। পরে মিছিল নিয়ে পল্টন ঘুরে সচিবালয়ের দিকে অগ্রসর হন তারা। জিরো পয়েন্ট পার হয়ে সচিবালয় অভিমুখী সড়কে তারা পুলিশের ব্যারিকেডের সামনে পড়েন।

এ বিষয়ে ঢাকা মহানগর পুলিশের রমনা জোনের এডিসি শাহ আলম সাংবাদিকদের বলেন, 'ওনাদের কর্মসূচি ছিল। এখানে এসে তারা অবস্থান নিয়েছিলেন। কিন্তু ব্যারিকেড ভেঙে কেপিআই এলাকায় ঢোকার চেষ্টা করলে আমরা তাদের সরিয়ে দেই।' এ সময় কয়েকজনকে আটক করা হয়েছে বলেও জানান শাহ আলম। তবে ঠিক কতজন আটক হয়েছেন বা তাদের নাম-পরিচয় কী সে বিষয়ে সুনির্দিষ্ট করে কিছু জানাতে পারেননি তিনি। এর আগে জাতীয় প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত বিক্ষোভ সমাবেশে জোনায়েদ সাকি বলেন, 'সরকার দেশের ভবিষ্যৎ বিদেশে নষ্ট করছে। জনগণকে ঠিক করতে হবে এ সরকার থাকবে কী থাকবে না। আন্দোলনের মধ্য দিয়ে সরকারকে বিদায় করে ভোটের অধিকার নিশ্চিত করতে হবে।'

সাইফুল হক বলেন, 'বিদ্যুৎ-জ্বালানি খাতে অনিয়মের দায় জনগণ কেন নেবে? জনগণ ভোট বর্জন করায় গ্যাস-বিদ্যুতের দাম বাড়াচ্ছে। সরকারের দাম যত কমছে জিনিসপত্রের দাম তত বাড়ছে। আইনশৃঙ্খলা বাহিনী, আমলারা কথা শোনে না। 'যা খুশি তাই করো' এমন লাইসেন্স দেওয়া হয়ছে। পাচারের টাকা বিদেশে জুয়ার টেবিলে উড়ছে। সরকারকে বিদায় দেওয়া ছাড়া সিন্ডিকেট ভাঙা সম্ভব নয়। আন্দোলন কর্মসূচি চলবে।' নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না বলেন, 'দেশে ব্যাংকে টাকা নেই, ডলারও নেই। অর্থনীতি ধ্বংসের মুখে। সিন্ডিকেট বন্ধ করতে পারেনি। রিজার্ভে টাকা নেই। অপতথ্য সরকার থেকে বেশি দেওয়া হয়। ব্যাংকগুলো ডুবতে শুরু করেছে। রোজায় দাম

কমাতে পারবে না সরকার। ৭ জানুয়ারি ভোটের নামে খেলা হলো। আমরা অন্যায়ের প্রতিবাদ করে যাবো। গণতন্ত্র মঞ্চ লড়াই করে যাবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## ডিআইজি মিজানের ১৪ বছরের সাজা বহাল

অবৈধ সম্পদ অর্জনের অভিযোগে দুর্নীতি দমন কমিশন, দুদকের করা মামলায় সাময়িক বরখাস্ত পুলিশের উপ-মহাপরিদর্শক, ডিআইজি মিজানুর রহমানের ১৪ বছরের কারাদণ্ড বহাল রেখে রায় দিয়েছেন হাইকোর্ট। বুধবার ২৮শে ফেব্রুয়ারি হাইকোর্টের বিচারপতি মোঃ কামরুল হোসেন মোল্লার একক বেঞ্চ এ রায় দেন। আদালতে আজ দুদকের পক্ষে শুনানিতে ছিলেন সিনিয়র অ্যাডভোকেট মোঃ খুরশীদ আলম খান। আর মিজানের পক্ষে ছিলেন ব্যারিস্টার মাহবুব শফিক।

অ্যাডভোকেট মোঃ খুরশীদ আলম খান সাংবাদিকদের বলেন, 'এ অবৈধ সম্পদ অর্জনে সহযোগিতা করার দায়ে একই মামলায় মিজানের স্ত্রী সোহেলিয়া আনার রত্না, ভাগনে মাহমুদুল হাসান ও ভাই মাহবুবুর রহমানকে সাত বছর করে কারাদণ্ড দেওয়া হয়। রায়ে সেসময় মিজানকে দেড় লাখ টাকা জরিমানাও করা হয়। মিজান যে মেয়াদে ইতোমধ্যে কারাভোগ করেছেন সাজা থেকে তা বাদ দেওয়া হবে বলে রায়ে উল্লেখ করা হয়েছিল।' গত বছরের ২১শে জুন অবৈধ সম্পদ অর্জন ও অর্থপাচারের অভিযোগে মামলায় বরখাস্ত পুলিশের উপ-মহাপরিদর্শক, ডিআইজি মিজানুর রহমানকে পৃথক তিন অভিযোগে ১৪ বছর কারাদণ্ড দেন আদালত। ঢাকার বিশেষ জজ আদালত-৬ এর বিচারক মঞ্জুরুল ইমাম এ রায় ঘোষণা করেন। এছাড়া মিজানুর রহমানের স্ত্রীসহ অপর তিনজনকে সাত বছর করে কারাদণ্ড দেওয়া হয়। এ মামলার অপর তিন আসামি হলেন, মিজানের স্ত্রী সোহেলিয়া আনার ওরফে রত্না রহমান, ছোট ভাই মাহবুবুর রহমান ও ভাগ্নে মাহমুদুল হাসান।

আসামি ডিআইজি মিজানুর রহমানকে দুর্নীতি দমন কমিশন আইন ২০০৪ এর ২৬ এর ২ ধারায় ৩ বছর, ২৭ এর ১ ধারায় ছয় বছর এবং মানিলন্ডারিং প্রতিরোধ আইনে পাঁচ বছর কারাদণ্ড দেওয়া হয়। সবগুলো সাজা একত্রে চলবে বলে তাকে ছয় বছর সাজা ভোগ করতে হবে বলে আইনজীবীরা জানিয়েছিলেন। অন্যদিকে বাকি তিনজনকে ২৭ এর ১ ধারায় তিন বছর ও মানিলন্ডারিং আইনে চার বছরের কারাদণ্ড দেন আদালত। তাদেরও চার বছর সাজা ভোগ করতে হবে। এ মামলার চার আসামির মধ্যে ডিআইজি মিজান কারাগারে আছেন। তার ছোট ভাই মাহবুবুর রহমান ও ভাগনে মাহমুদুল হাসান জামিনে রয়েছেন। অপর আসামি মিজানের স্ত্রী সোহেলিয়া আনার ওরফে রত্না রহমান পলাতক।

দুদকের এ মামলায় ২০২০ সালের ১লা জুলাই আগাম জামিন আবেদন করলে ডিআইজি মিজানকে গ্রেফতারের নির্দেশ দেন বিচারপতি ওবায়দুল হাসান ও বিচারপতি এস এম কুদ্দুস জামানের সমন্বয়ে গঠিত হাইকোর্ট বেঞ্চ। মিজানকে তাৎক্ষণিক পুলিশের হাতে তুলে দেন আদালত। গ্রেফতারের পর তাকে শাহবাগ থানায় নেওয়া হয়। ওই বছরের ২রা জুলাই মিজানের জামিন আবেদন না'মঞ্জুর করা হয়। মিজানুর রহমান ঢাকা মহানগর পুলিশ, ডিএমপির অতিরিক্ত কমিশনার হিসেবে কর্মরত ছিলেন। বিয়ে গোপন করতে নিজের ক্ষমতার অপব্যবহার করে স্ত্রীকে গ্রেফতার করানোর অভিযোগ ওঠে তার বিরুদ্ধে। এছাড়া এক সংবাদ পাঠককে প্রাণনাশের হুমকি ও উত্ত্যক্ত করার অভিযোগে তার বিরুদ্ধে বিমানবন্দর থানায় সাধারণ ডায়েরিও করা হয়। নারী নির্যাতনের অভিযোগে ২০২০ সালের জানুয়ারিতে তাকে প্রত্যাহার করে পুলিশ সদরদফতরে সংযুক্ত করা হয়। এরপর দুদক কর্মকর্তার সঙ্গে ঘুস লেনদেনের বিষয়টি সামনে আসার পর স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে ডিআইজি মিজানকে সাময়িক বরখাস্তের একটি প্রস্তাব রাষ্ট্রপতির অনুমোদনের জন্য পাঠানো হয়। ওই বছরের ২৫ জুন তাকে সাময়িক বরখাস্ত করার প্রস্তাবে অনুমোদন দেন রাষ্ট্রপতি। ২০১৯ সালের ২৪শে জুন দুদকের সমন্বিত জেলা কার্যালয়ে দুদকের পরিচালক মঞ্জুর মোর্শেদ বাদী হয়ে ডিআইজি মিজান-সহ চারজনের বিরুদ্ধে মামলা করেন। আসামিদের বিরুদ্ধে তিন কোটি ২৮ লাখ ৬৮ হাজার টাকার অবৈধ সম্পদ অর্জন এবং তিন কোটি সাত লাখ পাঁচ হাজার টাকার সম্পদের তথ্য গোপনের অভিযোগ আনা হয়। এ মামলায় ডিআইজি মিজান-সহ চারজনের বিরুদ্ধে ২০২০ সালের ৩০শে জানুয়ারি দুদকের পরিচালক মঞ্জুর মোর্শেদ অভিযোগপত্র দাখিল করেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## রমজানে তারাবি ও সেহরিতে বিদ্যুতের সমস্যা হবে না : প্রধানমন্ত্রী

আসন্ন রমজান মাসে তারাবির নামাজ ও সেহরির সময় বিদ্যুৎ সরবরাহে কোনো সমস্যা হবে না বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি জাতীয় সংসদের প্রশ্নোত্তরে তারাবি-সেহরিতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের বিষয়ে নাটোর-১ আসনের স্বতন্ত্র এমপি আবুল কালামের প্রশ্নের জবাবে সরকারপ্রধান এ কথা জানান। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রী বলেন, 'আমরা অনেক অর্থ ব্যয় করে বিদ্যুৎ উৎপাদন করি। ভর্তুকি দিয়ে তা বিতরণ করি। এখন বিশ্বব্যাপী জ্বালানি তেল, এলএনজি ও পরিবহনসহ সবকিছুর দাম বেড়ে গেছে। তারপরও আমাদের নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের প্রচেষ্টা রয়েছে।' তিনি বলেন, 'এটা ঠিক যে যেহেতু আমাদের জ্বালানি তেল ও এলএনজির সংকট আছে। তাছাড়া আপনারা জানেন যে, এগুলো যান্ত্রিক ব্যাপার। কোনো কোনো সময় বিভিন্ন কারণে বিদ্যুৎ উৎপাদন হ্রাস পায় বা ব্যাহতও হয়।'

শেখ হাসিনা বলেন, 'আমরা এরই মধ্যে সিদ্ধান্ত নিয়েছি, তারাবির নামাজ ও সেহরির সময় বিদ্যুতের সমস্যা হবে না। বরং বিদ্যুৎ সাশ্রয়ে প্রয়োজনে দিনের কোনো একসময় যখন চাহিদা কম তখন দুই-তিন ঘণ্টা লোডশেডিং করা যেতে

পারে। তবে সেটা সহনীয় পর্যায়ে হতে হবে। এভাবে করতে পারলে রমজানে বিদ্যুৎ সংকট হবে না। বিশেষত তারাবি ও সেহরির সময় সংকট হবে না। আমাদের প্রচেষ্টা সেভাবেই থাকবে।' প্রধানমন্ত্রী বলেন, 'একসময় দেশে প্রতিদিন ১০-১২ ঘণ্টা লোডশেডিং করা হতো। এখন সে অবস্থা নেই। তবে আমার মনে হয় মাঝে মাঝে লোডশেডিং করা ভালো। তা না হলে মানুষ অতীত ভুলে যাবে। অন্তত উপলব্ধি করবে কোথায় ছিলাম আর কোথায় আছি।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## রমজানে দ্রব্যমূল্য নিয়ন্ত্রণে পদক্ষেপ নেওয়া হয়েছে : প্রধানমন্ত্রী

রমজানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের দাম ও মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখতে সরকার পদক্ষেপ নিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি জাতীয় সংসদ অধিবেশনে ভোলা-২ আসনের সংসদ সদস্য আলী আজমের লিখিত প্রশ্নের জবাবে এ তথ্য জানান তিনি। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রী বলেন, 'বর্তমান সরকার জনগণের সরকার। তাই জনগণের কষ্ট লাঘবে সরকার সবসময় সচেষ্ট। এ লক্ষ্যে নিত্যপ্রয়োজনীয় ভোগ্যপণ্যের মূল্য স্বাভাবিক রাখতে সব প্রকার কার্যক্রম অব্যাহত রেখেছে সরকার। এরই মধ্যে আমরা ভোগ্যপণ্যের অস্বাভাবিক মূল্যবৃদ্ধি অনেকাংশে সংযত করতে পেরেছি। তবে বিশ্ববাজারের কয়েকটি পণ্য যেমন, জ্বালানি তেল, ভোজ্যতেল, গম, সারসহ বিভিন্ন খাদ্য ও ভোগ্যপণ্য এবং শিল্পের কাঁচামালের মূল্যবৃদ্ধি হওয়ায় আমাদের দেশে আমদানিজনিত মূল্যস্ফীতির চাপ অনুভূত হচ্ছে। রমজান মাসে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর মূল্য নিয়ন্ত্রণসহ মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণে রাখার জন্য সরকার পদক্ষেপ নিয়েছে।'

সরকারপ্রধান আরো বলেন, 'মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে নীতি সুদহার দফায় দফায় বাড়িয়ে ৪ দশমিক ৭৫ শতাংশ থেকে সবশেষ ৮ শতাংশে উন্নীত করা হয়েছে। পাশাপাশি, রিভার্স রেপো রেট, এসডিএফ বৃদ্ধি করে ৬ দশমিক ৫০ শতাংশে উন্নীত করা হয়েছে। এছাড়া তুলে দেওয়া হয়েছে ঋণের সুদহারের উর্ধ্বসীমা। নীতি সুদহার উল্লেখযোগ্য মাত্রায় বৃদ্ধি করায় বাজারভিত্তিক গড় সুদহারে দৃশ্যমান পরিবর্তন এসেছে। আশা করা যায়, খুব শিগগীরি মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে আসবে। এছাড়া বৈদেশিক মুদ্রার বিনিময় হারে স্থিতিশীলতা আনার লক্ষ্যে ক্রলিং পেগভিত্তিক মুদ্রা বিনিময় নীতি গ্রহণ করা হচ্ছে। নির্ধারিত করিডোরভিত্তিক এ ব্যবস্থা বৈদেশিক মুদ্রার বিনিময় হারের অস্বাভাবিক উত্থানপতন রোধ করবে বলে আশা করা যায়। ফলে এটি মূল্যস্ফীতি নিয়ন্ত্রণেও সহায়ক হবে।'

কৃষি বিপণন অধিদফতরের ওয়েবসাইটে দৈনিক কৃষিপণ্যের বাজারদর প্রকাশ করা হচ্ছে বলে জানান প্রধানমন্ত্রী। তিনি বলেন, 'আগামী রোজায় দ্রব্যমূল্য সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখার অভিপ্রায়ে নিত্যপণ্যের পর্যাপ্ত যোগানের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। অন্যতম পণ্য হিসেবে ভারত সরকারের কাছে এক লাখ টন চিনি এবং ৫০ হাজার টন পেঁয়াজ সরবরাহের জন্য কূটনৈতিক উদ্যোগ গ্রহণ করা হয়েছে।'

শেখ হাসিনা জানান, পবিত্র রমজান মাসে নিম্ন আয়ের মানুষের জন্য প্রাণিজ আমিষের চাহিদা পূরণ ও দ্রব্যমূল্য সহনীয় রাখতে ঢাকা মহানগরীর ২৫টি স্পটে প্রাণিসম্পদ অধিদফতরের ভ্রাম্যমাণ বিক্রয় কেন্দ্রে সুলভ মূল্যে দুধ, মাংস ও ডিম বিক্রির পদক্ষেপ নেওয়া হয়েছে। এছাড়া পবিত্র রমজানে আমদানি করা ভোজ্যতেল, চিনি, ছোলা, মসুর ডাল ও খেজুর দ্রুত খালাসে নির্দেশ দেওয়া হয়েছে।' এছাড়া ঢাকা মহানগরীর বিভিন্ন পাইকারি ও খুচরা বাজার নিয়মিত পরিদর্শন করে দ্রব্যমূল্য ও পণ্য মজুদ এবং সরবরাহ পরিস্থিতি সম্পর্কে তথ্য সংগ্রহ করা হচ্ছে বলে জানান সরকারপ্রধান। তিনি আরো জানান, 'কোনো ধরনের অস্বাভাবিক পরিস্থিতি দেখা গেলে তাৎক্ষণিকভাবে আইনি ব্যবস্থা গ্রহণ করতে বলা হয়েছে।'

প্রধানমন্ত্রী বলেন, 'দ্রব্যমূল্য সহনীয় পর্যায়ে রাখার জন্য জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর ঢাকা মহানগরীসহ সারাদেশে বাজার মনিটরিং কার্যক্রম পরিচালনা করছে। দ্রব্যমূল্য যৌক্তিক পর্যায়ে রাখতে সারাদেশে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারদের নেতৃত্বে জেলা-উপজেলায় গঠিত টাস্কফোর্স নিয়মিত সভা করে থাকে। উক্ত টাস্কফোর্স বাজারে নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনাসহ বাজার নিয়ন্ত্রণে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা গ্রহণ করে থাকে।'
(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## ১৫ বছরে ৯৪৮ কিলোমিটার নতুন রেললাইন নির্মাণ হয়েছে : প্রধানমন্ত্রী

গত ১৫ বছরে দেশে ৯৪৮ কিলোমিটার নতুন রেললাইন নির্মাণ করা হয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি জাতীয় সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে লক্ষ্মীপুর-১ আসনের সংসদ সদস্য আনোয়ার হোসেন খানের করা প্রশ্নে তিনি এ কথা বলেন। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সভাপতিত্ব করেন। প্রধানমন্ত্রী বলেন, 'গত ১৫ বছরে রেলপথ বিভাগ থেকে মোট ৯৯টি নতুন প্রকল্প নেওয়া হয়েছে। ২০২৩-২৪ অর্থবছরের এডিপিতে বাংলাদেশ রেলওয়েতে ২৫টি বিনিয়োগ প্রকল্প এবং ৩টি কারিগরি সহায়তা প্রকল্প অর্থাৎ মোট ২৮টি উন্নয়ন প্রকল্প চলমান। এছাড়া রূপকল্প ২০৪১ অর্জনসহ ৩০ বছর মেয়াদি রেলওয়ে মাস্টারপ্ল্যান অনুযায়ী রেলওয়ে ডাবল লাইন ট্র্যাক নির্মাণ, গেজ একীভূত করা, আধুনিক সিগন্যালিং সিস্টেম প্রবর্তন, সমুদ্র বন্দরের সঙ্গে রেল যোগাযোগের উন্নয়ন, আপগ্রেডেড লোকোমোটিভ প্রবর্তন এবং বৈদ্যুতিক ট্র্যাকশন প্রবর্তনের পদক্ষেপ নেওয়া হয়েছে।' রেলপথের উন্নয়নে গত ১৫ বছরে দেশে ৯৪৭ দশমিক ৯৯ কিলোমিটার নতুন রেললাইন নির্মাণ করা হয়েছে বলেও জানান প্রধানমন্ত্রী।
(জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## পরিবেশ রক্ষায় চুক্তি সইয়ে সম্মত বাংলাদেশ ও সৌদি

পরিবেশ ও বন্যপ্রাণী রক্ষা এবং জলবায়ু পরিবর্তন মোকাবিলায় পারস্পরিক সহযোগিতা বাড়াতে একযোগে কাজ করতে চায় বাংলাদেশ ও সৌদি আরব। এ লক্ষ্যে দুইদেশের মধ্যে একটি সমঝোতা স্মারক সই হবে। কেনিয়ার নাইরোবিতে চলমান জাতিসংঘ পরিবেশ অধিবেশনের ফাঁকে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রী সাবের হোসেন চৌধুরী সৌদি আরবের পরিবেশ, জলবায়ু ও কৃষি বিষয়ক প্রতিমন্ত্রী ড. ওসামা ইব্রাহিম ফাকিহার সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠকে মিলিত হন। সেখানেই পরিবেশ রক্ষায় পারস্পরিক সহযোগিতার এ সিদ্ধান্ত হয়। বৈঠকে উভয় দেশই সমঝোতাপত্র স্বাক্ষরের মাধ্যমে সহযোগিতা বাড়ানোর বিষয়ে একমত হয়। পরিবেশ রক্ষা, বন্যপ্রাণী সংরক্ষণ, জলবায়ু পরিবর্তন মোকাবিলা ও দূষণ নিয়ন্ত্রণের মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সহযোগিতা জোরদার করতে এ সমঝোতা স্মারক সই হবে।

বৈঠক চলাকালে প্রতিমন্ত্রী ফাকিহা পরিবেশমন্ত্রী সাবের হোসেন চৌধুরীকে ২০২৪ সালের ডিসেম্বরে অনুষ্ঠিতব্য জাতিসংঘ মরুকরণ কনভেনশন-এ অংশ নিতে আনুষ্ঠানিক আমন্ত্রণ জানান। তিনি বলেন, 'এ আমন্ত্রণ বিশ্বব্যাপী পরিবেশগত চ্যালেঞ্জ মোকাবিলায় বাংলাদেশ ও সৌদি আরবের মধ্যে ক্রমবর্ধমান সহযোগিতার সাক্ষ্য দেয়।' আলোচনায় তারা জ্ঞান বিনিময় কর্মসূচি, কৃষি, ম্যানগ্রোভ সংরক্ষণ, বর্জ্য ব্যবস্থাপনা, স্মার্ট শহর উন্নয়ন এবং ভূমির অবক্ষয় মোকাবিলার কৌশলসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করেন। তারা পরিবেশগত সমস্যার উদ্ভাবনী সমাধানের জন্য বাংলাদেশ ও সৌদি আরবের যৌথ সংকল্পের প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেন। এসময় সাবের হোসেন চৌধুরী স্থানীয় ও আন্তর্জাতিকভাবে পরিবেশগত স্থায়িত্ব এগিয়ে নিতে বাংলাদেশের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করেন।

অন্য এক কর্মসূচিতে পরিবেশমন্ত্রী পরিবেশগত প্রতিশ্রুতির কার্যকর বাস্তবায়নের জন্য বিজ্ঞান নীতি ইন্টারফেস শক্তিশালীকরণ শীর্ষক উচ্চ পর্যায়ের সেগমেন্টে বক্তৃতা করেন। সেখানে তিনি জলবায়ু ঝুঁকি মোকাবিলায় বাংলাদেশ সরকারের প্রণীত মুজিব জলবায়ু সমৃদ্ধি পরিকল্পনা, ব-দ্বীপ পরিকল্পনা, জাতীয় অভিযোজন পরিকল্পনার বিষয়ে আলোকপাত করেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## পৌনে ৭ মাসে রাজস্ব আদায় প্রায় ১ লাখ ৯৮ হাজার কোটি টাকা : অর্থমন্ত্রী

চলতি ২০২৩-২৪ অর্থবছরের পৌনে সাত মাসে, ২৪ জানুয়ারি পর্যন্ত রাজস্ব আদায় হয়েছে প্রায় এক লাখ ৯৮ হাজার কোটি টাকা। একই সঙ্গে চলতি অর্থবছরের ২৪ ডিসেম্বর পর্যন্ত সাময়িক স্ট্যাম্প শুল্ক আহরণের পরিমাণ এক হাজার ৬২৬ কোটি টাকা। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি জাতীয় সংসদে এ তথ্য জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল হাসান মাহমুদ আলী। সংসদ অধিবেশনের প্রশ্নোত্তর পর্বে চট্টগ্রাম-১১ আসনের সংসদ সদস্য এম আব্দুল লতিফের করা প্রশ্নের উত্তরে এ কথা বলেন মন্ত্রী। অধিবেশনে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্ব করেন। এই সংসদ সদস্য আরো জানতে চান রাজস্ব বাড়ানোর জন্য বর্তমান সরকারের কী কর্মসূচি আছে? জবাবে অর্থমন্ত্রী বলেন, ‘রাজস্ব আহরণ বাড়ানোর লক্ষ্যে বর্তমান সরকার নানান কর্মসূচি নিয়েছে। বাংলায় সহজবোধ্য আয়কর আইন, ২০২৩ প্রণয়ন। বাংলায় স্ট্যাম্প আইন, ২০২৩ প্রণয়নের উদ্যোগ নেওয়া হয়েছে। বর্তমানে মন্ত্রিপরিষদ বিভাগের নীতিগত অনুমোদনের অপেক্ষায় আছে।’ তিনি বলেন, ‘ই-রিটার্নের মাধ্যমে আয়কর প্রদান সহজ করা হয়েছে। অনলাইনে আয়কর প্রদানের জন্য চালান, রকেট, নগদ, বিকাশ এবং সোনালী ব্যাংক ই- পেমেন্টের মাধ্যমে কর পরিশোধ করা যাবে। একই সঙ্গে ৪১টি সেবার ক্ষেত্রে পিএসআর গ্রহণ বাধ্যতামূলক।’ (জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

## বায়ু দূষণের মূল কারণ নিকৃষ্ট মানের জীবাশ্ম জ্বালানি : মেয়র তাপস

বাংলাদেশে যে জীবাশ্ম জ্বালানি আমরা ব্যবহার করি সেটি অত্যন্ত নিম্নমানের এবং আমাদের দেশে বায়ু দূষণের মূল কারণই হলো নিকৃষ্ট মানের জীবাশ্ম জ্বালানির ব্যবহার। ঢাকা শহরে যে জীবাশ্ম জ্বালানি ব্যবহার করা হয়, সেটিতে সালফারের যে মাত্রা তা আন্তর্জাতিক মানদণ্ডের চেয়ে প্রায় ১০ গুণ বেশি। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি রাজধানীর ধানমন্ডিতে একটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের নতুন ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের মেয়র শেখ ফজলে নূর তাপস। ঢাকা মহানগরী ও পূর্বাচলে সরকারি প্রাথমিক বিদ্যালয় স্থাপন ও অবকাঠামো উন্নয়নসহ দৃষ্টিনন্দন প্রকল্প-এর আওতায় ধানমন্ডি ১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয়ের ৬ তলা নতুন ভবন নির্মাণের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়। এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেয়র শেখ ফজলে নূর তাপস।

বায়ু দূষণ নিয়ে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে মেয়র শেখ তাপস বলেন, 'আমরা দেখেছি ইউরোপের জীবাশ্ম জ্বালানিতে সালফারের পরিমাণ থাকে ১৫ পিপিএম এর নিচে। সেখানে আমাদের দেশে তা ৫০ পিপিএমের উর্ধ্বে। কোনো কোনো ক্ষেত্রে তা ৫০০ পিপিএম ছাড়িয়ে যাচ্ছে। সেগুলো অত্যন্ত অস্বাস্থ্যকর এবং মানুষের জন্য অত্যন্ত ক্ষতিকর। এ থেকে আমরা পরিত্রাণ চাই।' ধুলোবালি নিয়ন্ত্রণে দক্ষিণ সিটি প্রয়োজনীয় কার্যক্রম চলমান রেখেছে উল্লেখ করে মেয়র বলেন, 'ধুলোবালি নিয়ন্ত্রণের জন্য সূচি অনুযায়ী আমরা কাজ করছি। ধুলোবালি নিয়ন্ত্রণে আমাদের কার্যক্রম চলমান।' (জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

**দেশে গত ২৪ ঘণ্টায় ৪৭ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত**

দেশে গত ২৪ ঘণ্টায় ৪৭ জনের দেহে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এ নিয়ে মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৮ হাজার ৪০৭ জনে। এ সময়ে করোনায় আক্রান্ত হয়ে কারো মৃত্যু হয়নি। ফলে মোট মৃত্যুর সংখ্যা ২৯ হাজার ৪৮৯ জনে অবস্থান করছে। বুধবার, ২৮শে ফেব্রুয়ারি স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়, ২৪ ঘণ্টায় করোনা থেকে সুস্থ হয়েছেন ৪০ জন। এ পর্যন্ত সুস্থ হয়েছেন ২০ লাখ ১৫ হাজার ৪১০ জন। গত ২৪ ঘণ্টায় পরীক্ষা করা হয় ৭৩৭ নমুনা। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৬ দশমিক ৩৮ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৮ শতাংশ। (জাগো এফএম ওয়েব পেজ : ২৮.০২.২০২৪ প্রতীক)

# BBC

**NAVALNY TO BE BURIED ON FRIDAY IN MOSCOW**

Alexei Navalny will be buried at a cemetery in Moscow on Friday, a spokesperson has confirmed. The service will be held at Borisovskoye Cemetery, after a farewell ceremony in the Maryino district. Alexei Navalny suddenly died in an Arctic prison earlier this month. For years, he was the most high-profile critic of Vladimir Putin. Navalny's widow, Yulia Navalnaya, as well as several world leaders, have blamed the Russian president for his death. (BBC Web Page: 28/02/24, FARUK)

**BIDEN WINS MICHIGAN PRIMARY DESPITE GAZA PROTEST VOTE**

President Joe Biden is projected to win Michigan's Democratic presidential primary comfortably, despite a significant protest vote over strong US support for Israel in the war in Gaza. Mr Biden won 80% of the vote, according to projections, but the uncommitted exceeded expectations with 13%. His campaign will pay close attention to see if that result in the key swing state will spread nationwide. Many voters have been angered by the US stance in the Israel-Hamas conflict. (BBC Web Page: 28/02/24, FARUK)

**SRI LANKA 'WHITE PARTY' CANCELLED AFTER BACKLASH**

An organizer of a "white party" in Sri Lanka has apologized after the event sparked a backlash online. The event's advertisement specified a white dress code, but also had a line saying "Face control: White" - which was largely interpreted to mean the event was open only to white people. An organizer later said the event was "a bad idea", adding that it was meant to bring together expatriates. The party, which was due to take place last Saturday, was cancelled. (BBC Web Page: 28/02/24, FARUK)

**GAZANS IN SURVIVAL MODE WITH COLD NIGHTS AND FOOD RATIONS**

This morning dawned with news of US President Joe Biden's hopes for an imminent ceasefire between Israel and Gaza, but many on the Gaza Strip could not think beyond scraping together breakfast. "Before the war we used to buy bread, now we make it," said 26-year-old journalist Aseel Mousa. The BBC has spent the day following the lives of people across Gaza - as they scoured markets for food, worked in overcrowded hospitals and tried to keep their children entertained. (BBC Web Page: 28/02/24, FARUK)

**STATES CALLS FOR SUSPENSION TO HOSTILITIES IN GAZA**

Jersey's States Assembly has supported calls for "an immediate suspension of hostilities" leading to "a permanent ceasefire " in Gaza. Politicians unanimously agreed to a proposition from Deputy Montfort Tadier, after it had been amended by the External Relations Minister. Earlier, around 60 people had gathered in the Royal Square in St Helier to call for peace. Israel and the Palestinian group Hamas have been at war since early October.
(BBC Web Page: 28/02/24, FARUK)

**NATO ALLIES REJECT MACRON IDEA OF TROOPS TO UKRAINE**

Several Nato countries, including the US, Germany and the UK, have ruled out deploying ground troops to Ukraine, after French President Emmanuel Macron said "nothing should be excluded". Mr Macron said there was "no consensus" on sending Western soldiers to Ukraine. Kremlin spokesperson Dmitry Peskov has warned of direct conflict if Nato troops deploy there. Russian forces have recently made gains in Ukraine and Kyiv has urgently appealed for more weapons. (BBC Web Page: 28/02/24, FARUK)

**NETANYAHU AND BIDEN SPAR OVER ISRAEL-GAZA WAR SUPPORT**

Popular support for Israel in the US will help it fight "until total victory" over Hamas, Prime Minister Benjamin Netanyahu said on Tuesday. In a statement, Mr Netanyahu cited polls showing that more than 80% of Americans support Israel during the conflict in Gaza. Hos

comments come after US President Joe Biden warned that Israel risks losing global support in the war. US officials say they are working on a possible ceasefire deal. In his statement on Tuesday, Mr Netanyahu said that, since the beginning of the conflict, he has been leading a campaign "countering international pressure to end the war ahead of time and mobilize support for Israel." (BBC Web Page: 28/02/24, FARUK)

**::THE END::**